# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

[[ উপজেলা পরিষদের জুলাই-২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ]]

সভাপতি : জনাব মোঃ রফিকুল ইসলাম তালুকদার,চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

সভার তারিখ : ৩০-০৭-২০২৪ খ্রিঃ

সভার সময় : ১২.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্য-কে স্বাগত জানিয়ে কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত কর্মকর্তা/সদস্যকে স্ব-স্ব দপ্তরের চলমান গুরুত্বপূর্ণ কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন এবং প্রতিবন্ধকতা থাকলে উত্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যবৃন্দের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় উপস্থাপিত উপজেলা পরিষদের জুন-২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | জুন-২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা করা হয়। অগ্রগতি সন্তোষজনক। | জুন-২০২৪ মাসের মাসিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| বিভাগীয় কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ। | সভায় উত্থাপনযোগ্য সুপারিশসমূহ বিভাগ ভিত্তিক আলোচনায় উপস্থাপন করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| | বিভাগ ভিত্তিক আলোচনা | | |
| আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |
| উপজেলা প্রকৌশল বিভাগ | **উপজেলা প্রকৌশলী জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।<br>**চেয়ারম্যান,সলুকাবাদ ইউপি সভায় জানান**, বাঘবেড় বাজারের যানজট নিরসনে বাঘবেড় বাজার-জিনারপুর রোডের ডান দিকের নদীর জায়গায় স্থাপিত অবৈধ স্থাপনা উচ্ছেদ করে অটো ও সিএনজি স্ট্যান্ড নির্মাণ এবং বাজারের পূর্ব পার্শ্বে গাইডওয়াল নির্মাণের প্রস্তাব করেন।<br>**চেয়ারম্যান,সলুকাবাদ ইউপি সভায় জানান**, গড়েরগাও-দিঘীরপাড় রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামতের জন্য প্রস্তাব করেন।<br>চেয়ারম্যান,ধনপুর ইউপি সভায় জানান, চিনাকান্দি-মধ্যনগর-মমিন বাজার এবং ধনপুর-পলাশ রাস্তাসমূহ জরুরী ভিত্তিতে মেরামতের জন্য প্রস্তাব করেন। | ০১। বাঘবেড় বাজারের যানজট নিরসনে বাঘবেড় বাজার-জিনারপুর রোডের ডান দিকের নদীর জায়গায় স্থাপিত অবৈধ স্থাপনা উচ্ছেদ করে অটো ও সিএনজি স্ট্যান্ড নির্মাণ এবং বাজারের পূর্ব পার্শ্বে গাইডওয়াল নির্মাণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। পরবর্তী কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে "উপজেলা পরিষদের আবাসিক এলাকায় কাটাতার বেষ্টিত বেড়া নির্মাণ" প্রকল্পটির = ১১,৩১,৪৩৫/- (এগার লক্ষ একত্রিশ হাজার চারশত পয়ত্রিশ) টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। প্রকল্পটি টেন্ডার পদ্ধতিতে বাস্তবায়ন ও প্রশাসনিক অনুমোদন গ্রহণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে প্রস্তাবনা প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | **উপজেলা নির্বাহী অফিসার জানান,** উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তার স্বার্থে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের আবাসিক এলাকায় কাটাতার বেষ্টিত বেড়া নির্মাণের প্রস্তাব করেন।<br>**ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, জানান,** বিশ্বম্ভরপুর বাজারের ভাঙ্গনরোধে বাজারের হাওর সংলগ্ন পার্শ্বে মাটি ভরাটের প্রস্তাব করেন। | ০৩। জনদুর্ভোগ কমাতে বর্ষা মৌসুমের পূর্বেই (ক)গড়েরগাও-দিঘীরপাড় রাস্তা (খ) চিনাকান্দি-মধ্যনগর-মমিন বাজার এবং ধনপুর-পলাশ রাস্তাসমূহ জরুরী ভিত্তিতে মেরামতের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। পরবর্তী কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৪। হাট-বাজার তহবিলের অর্থায়নে বিশ্বম্ভরপুর বাজারের ভাঙ্গনরোধে বাজারের হাওর সংলগ্ন পার্শ্বে মাটি ভরাটের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তী কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা কৃষি বিভাগ | **উপজেলা কৃষি কর্মকর্তা জানান,** দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান, অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনয়নে জমির টপ সয়েল রক্ষার্থে উঠান বৈঠক,তেল ফসলের আবাদ বৃদ্ধির জন্য নিয়মিত উঠান বৈঠক করা হচ্ছে। খরিপ-২ মৌসুমে আমন ধান প্রণোদনা বিতরন শেষ হয়েছে। লক্ষ্যমাত্রা ৮৭৫৫ হেক্টর; এখন পর্যন্ত আবাদ হয়েছে ৪৫০ হেক্টর।<br>**উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান,** উপজেলাধীন বালি মাটি প্রবণ এলাকায় বাদাম,তরমুজ আবাদসহ সকল অনাবাদি জমি আবাদের আওতায় আনার জন্য উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনয়নে জমির টপ সয়েল রক্ষার্থে উঠান বৈঠক,তেল ফসলের আবাদ বৃদ্ধির জন্য নিয়মিত উঠান বৈঠক আয়োজনসহ বিভিন্ন ধরনের উদ্ধুদ্ধকরণ কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। উপজেলাধীন বালি মাটি প্রবণ এলাকায় বাদাম,তরমুজসহ অন্যান্য লাভজনক বিভিন্ন শস্য আবাদ নিশ্চিত করার বিষয়ে কৃষক উদ্ধুদ্ধকরণ কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান,** দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালিত হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান,** দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান, মুজিব পল্লী ও আশ্রয়ন প্রকল্পগুলোতে পরিবার পরিকল্পনার সেবার মান আরো বাড়ানোর জন্য দম্পত্তি রেজিষ্ট্রেশন ও পরিবার পরিকল্পনার সেবা প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার ভূমি মহোদয়গণকে অনুরোধ করা হয়েছে; এছাড়াও পরিবার পরিকল্পনা দপ্তরের কর্মীদেরকে তাদিগ দেয়া হয়েছে।<br>**সভাপতি সভায় জানান,** ধনপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র নির্মাণ কার্যক্রম কি পর্যায়ে রয়েছে সে বিষয়ে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা জানান,** তিনি নতুন যোগদান করায় এ বিষয়ে অবগত নন। আগামী সভায় বিস্তারিত তথ্য উপস্থাপন করবেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** ফতেপুর ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রে এফডব্লিউবি এর পরিবর্তে আয়া দিয়ে চিকিৎসা সেবা দেয়া হচ্ছে মর্মে অভিযোগ পাওয়া যায়।<br>**উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা জানান,** ফতেপুর ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রে পদায়নকৃত এফডব্লিউবি অন্যত্র ডেপুটেশনে থাকায় বাদাঘাট দঃ পরিবার কল্যাণ কেন্দ্রের এফডব্লিউভিকে অতিরিক্ত | ০১। পরিবার পরিকল্পনার স্থায়ী/অস্থায়ী পদ্ধতি গ্রহণে জনসাধারণকে সচেতন করা সহ মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার এসডিজি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী আনার বিষয়ে গুরুত্বারোপহ দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়।<br>০২। মুজিব পল্লী ও আশ্রয়ন প্রকল্পগুলোতে পরিবার পরিকল্পনার সেবার মান আরো বাড়ানোর লক্ষে কর্মীদেরকে তাদিগ দেয়ার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০৩। মুজিব পল্লী ও আশ্রয়ন প্রকল্পগুলোতে পরিবার পরিকল্পনার সেবার মান আরো বাড়ানোর জন্য দম্পত্তি রেজিষ্ট্রেশন কার্যক্রম জোরদারকরনের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)-কে অনুরোধ করা হয়।<br>০৪। মা ও শিশুদের স্বাস্থ্য সেবার মান আরো জোরদারকরনের চলমান প্রকল্পের কার্যক্রম সার্বিক তদারকি করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০৫। ধনপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র নির্মাণ কার্যক্রম কি পর্যায়ে রয়েছে সে বিষয়ে বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর |

| | | | |
|---|---|---|---|
| | | ০৬। ফতেপুর ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রে এফডব্লিউবি পদায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা মৎস্য বিভাগ | **উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান,** দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তিনি আরো জানান, ৩০ জুলাই হতে ০৫ আগস্ট,২০২৪ জাতীয় মৎস্য সপ্তাহ পালন করা হবে। সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>**চেয়ারম্যান,পলাশ ইউপি সভায় জানান,** পোনা মাছ নিধন রোধসহ কারেন্ট জাল,রিং জাল,চাই জাল ব্যবহারে রোধে বাজার ও হাওরে নিয়মিত কোর্ট ও অভিযান পরিচালনার জন্য সভায় প্রস্তাব করেন। | ০১। পোনা মাছ নিধন রোধসহ কারেন্ট জাল,রিং জাল,চাই জাল ব্যবহারে রোধে বাজার ও হাওরে নিয়মিত কোর্ট ও অভিযান পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৪ সুষ্ঠভাবে পালনের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | **উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান,** উপজেলার প্রাণিসম্পদ উন্নয়নে নিয়মিত চিকিৎসা প্রদানসহ নানা ধরনের পরামর্শ প্রদান করা হচ্ছে। পাশাপাশি রোগ নিরাময় এবং প্রতিরোধে বিভিন্ন খামার পরিদর্শনপূর্বক পর্যাপ্ত চিকিৎসা সহ পরামর্শ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলার প্রাণিসম্পদ উন্নয়নে নিয়মিত চিকিৎসা প্রদান, রোগ নিরাময় এবং প্রতিরোধে বিভিন্ন খামার পরিদর্শনপূর্বক পর্যাপ্ত চিকিৎসা সহ পরামর্শ প্রদানের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জানান,** দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। বিআরডিবির আওতাধীন ০৩টি আবাসিক ভবন রয়েছে। পর্যাপ্ত বরাদ্দ না থাকায় ভবনের রক্ষণাবেক্ষণ করা সম্ভব হচ্ছেনা। উপজেলা প্রকৌশলীর মাধ্যমে প্রাক্কলন প্রস্তুত করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরনের জন্য প্রস্তাব করেন।<br>**তিনি আরো জানান,** বিআরডিবি'র আওতায় অত্র উপজেলায় সমিতি/দলের সদস্যদের কাছে সর্বমোট = ৫০,৮৭,০০০/- টাকা মেয়াদোত্তীর্ণ ঋণ খেলাপী রয়েছে। উক্ত টাকা আদায়ে স্ব-স্ব সমিতি/দলের সদস্যদেরকে নোটিশ দেয়া হলেও তারা ঋণ পরিশোধ করছেনা। খেলাপী ঋণ আদায়ে তিনি উপজেলা নিবাহী অফিসারের হস্তক্ষেপ কামনা করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** বিআরডিবির আওতাধীন বিভিন্ন ঋণ বিতরণ কার্যক্রম জোরদার করনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। বিআরডিবির আওতাধীন ০৩টি আবাসিক ভবন রক্ষণাবেক্ষণ ও মেরামত করার নিমিত্ত বরাদ্দ প্রাপ্তির লক্ষে প্রাক্কলন প্রস্তুত করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রেরনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়।<br>০২। বিআরডিবির আওতাধীন বিভিন্ন ঋণ-বিতরণ কার্যক্রম জোরদার করনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০৩। বিআরডিবি'র আওতায় অত্র উপজেলায় সমিতি/দলের সদস্যদের কাছে সর্বমোট = ৫০,৮৭,০০০/- টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নিবাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নিবাহী অফিসার<br>ও<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা সমবায় বিভাগ | **উপজেলা সমবায় কর্মকর্তা জানান,** দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। অত্র উপজেলায় নিবন্ধিত মোট ৫৫টি সমবায় সমিতি রয়েছে। তন্মধ্যে ৬টি সমিতি অকার্যকর। অকার্যকর সমবায় সমিতির নিবন্ধন বাতিলে জন্য জেলা সমবায় অফিসার বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বিআরডিবি কেন্দ্রীয় ২টি সমবায় সমিতি লিঃ ও বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতি ২০২৩-২৪ সনের অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। ২০২২-২৩ সনের ২১,২৯০/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা দেয়া হেয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনাসহ অকার্যকর সমবায় সমিতির নিবন্ধন বাতিলের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা প্রাথমিক বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২০২৩ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ-৯ম শ্রেণীর ষান্মাষিক মূল্যায়ন চলমান রয়েছে।<br>**উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান**, বাল্যবিবাহ ও মাদক থেকে শিক্ষার্থীদের বিরত রাখার জন্য এবং শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধি,শিক্ষার্থী ভর্তির হার শতভাগ, ঝরে পড়া রোধে উদ্বুদ্ধকরণ সংক্রান্ত অভিভাবক সমাবেশ করার জন্য প্রস্তাব করেন।<br>**চেয়ারম্যান,সলুকাবাদ ইউপি সভায় জানান**, কাপনা জালালিয়া দাখিল মাদ্রাসার এডহক কমিটি অনুমোদনের কার্যকর পদক্ষেপ গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। শতভাগ শিক্ষার্থীর ভর্তি নিশ্চিত করনের লক্ষ্যে নতুন সেকশন খোলার অনুমতি গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন করার বিষয়ে প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা দেওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। বাল্যবিবাহ ও মাদক থেকে শিক্ষার্থীদের বিরত রাখার জন্য এবং শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধি,শিক্ষার্থী ভর্তির হার শতভাগ, ঝরে পড়া রোধে উদ্বুদ্ধকরণ সংক্রান্ত অভিভাবক সমাবেশ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৩। কাপনা জালালিয়া দাখিল মাদ্রাসার এডহক কমিটি অনুমোদনের কার্যকর পদক্ষেপ গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা বিভাগ | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান**, ২০২৩-২৪ অর্থ বছরের সামাজিক নিরাপত্তা কার্যক্রম,পল্লী সমাজসেবা কার্যক্রম,রোগী কল্যান সমিতি,স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন ও নিয়ন্ত্রণ,সমাজকল্যাণ পরিষদ এবং অন্যান্য সকল কার্যক্রমসহ সুদমুক্ত ক্ষুদ্রঋন,মাতৃ ঋণ এবং প্রতিবন্ধী ঋণ কার্যক্রম চলমান। | ২০২৩-২৪ অর্থ বছরের সামাজিক নিরাপত্তা কার্যক্রম,পল্লী সমাজসেবা কার্যক্রম,রোগী কল্যান সমিতি,স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন ও নিয়ন্ত্রণ,সমাজকল্যাণ পরিষদ এবং অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | **সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সহঃ প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করা হয়। | সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান, সর্বজনীন পেনশন স্কীম গ্রহণের জন্য উপকারভোগীদের উদ্বুদ্ধ করণ অব্যাহত রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান**, ভিডব্লিউবি কর্মসুচির ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দ পাওয়া যায়নি।<br>**সভাপতি জানান**, ভিডব্লিউবি কর্মসুচির মোট উপকারভোগীদের মধ্যে চলতি মাসে কতজন উপকারভোগী মৃত্যুবরন করেছেন তার সঠিক তথ্য উপস্থাপনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কে অনুরোধ করেন।<br>তিনি আরো জানান, মা শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউপি হতে ৬জন উপকারভোগীর নাম প্রত্যেক মাসের ২০ তারিখের মধ্যে অধিকতর যাচাইপূর্বক ত্রুটিমুক্ত এএনসি কার্ডসহ প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন।<br>**উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান**, ভিডব্লিউবি কর্মসুচির আওতায় প্রতি উপকারভোগীর স্ব-স্ব হিসাব নাম্বারে ২২০/- টাকা হারে মাসিক সঞ্চয় যথাযথভাবে জমা করার বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। মা শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউপি হতে ৬জন উপকারভোগীর নাম (স্বাক্ষরসীল যুক্ত সম্পূর্ণ এএনসি কার্ডসহ) প্রত্যেক মাসের ২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।<br>০২। ভিডব্লিউবি কর্মসুচির আওতায় প্রতি উপকারভোগীর স্ব-স্ব হিসাব নাম্বারে ২২০/- টাকা হারে মাসিক সঞ্চয় যথাযথভাবে জমা করার বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।<br>০৩। ভিডব্লিউবি কর্মসুচির মোট উপকারভোগীদের মধ্যে প্রতি মাসে কতজন উপকারভোগী মৃত্যুবরন করেছেন তার সঠিক তথ্য উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থপনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরেধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা পরিবেশ ও বন ভিাগ | **বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিট সভায় জানান**, উপজেলা নার্সারীতে একটি মেহগনি গাছ অপর একটি গাছের উপর পড়ে আছে এবং একটি শিমুল গাছ শুকিয়ে পড়ে আছে। উক্ত গাছ দুইটি প্রচলিত বিধি মোতাবেক টেন্ডারে বিক্রয় করার প্রস্তাব করেন। | উপজেলা নার্সারীতে গাছের উপর পড়ে থাকা মেহগনি গাছ এবং শুকিয়ে থাকা শিমুল গাছ প্রচলিত বিধি মোতাবেক টেন্ডারে বিক্রয় করার কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিটকে অনুরোধ করা হয়। | বিট কর্মকর্তা শক্তিয়ারখলা |

| | | | |
|---|---|---|---|
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | **শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান**, ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান বিগত মাসে ১ কোটি ৪৭ লক্ষ টাকা ঋণ আদায় এবং ১ কোটি ৩০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, খেলাপী ঋন আদায়ে জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শাখা ব্যবস্থাপক এর দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। ঋন বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রাখার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়।<br>০২। খেলাপী ঋন আদায়ে ঋন গ্রহীতের প্রতি নোটিশ প্রদানসহ জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| নিরাপদ খাদ্য নিশ্চিকরণ | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা অত্যন্ত জরুরী। মাঠ পর্যায়ে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান**, টিসিবিসহ খাদ্য বান্ধব কর্মসূচির চাল বিতরনে প্রাপ্ত অভিযোগ নিরসনে খাদ্য গোদাম হতে বিতরনকৃত চালের সেম্পল সংগ্রহ করে বিতরনকৃত চালের সাথে মিলিয়ে দেখার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করেন। বাজার মনিটরিংসহ মজুদ/ভেজাল বিরোধী অভিযান চলমান। বাজারে বাজারে নিবিড় পর্যবেক্ষনের মাধ্যমে মিল,গোদাম, পরিদর্শন করা হচ্ছে।<br>**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান**, উপজেলায় মোট ৪ জন ওএমএস ডিলার ছিল। লাইসেন্স নবায়ন না করার কারনে ০২ জন ডিলারের লাইসেন্স বাতিল হওয়ায় শূন্য পদে ০২জন ওএমএস এর ডিলার নিয়োগের জন্য সভায় প্রস্তাব করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপনন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করনে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।<br>০৩। টিসিবিসহ খাদ্য বান্ধব কর্মসূচির চাল বিতরনে প্রাপ্ত অভিযোগ নিরসনে খাদ্য গোদাম হতে বিতরনকৃত চালের সেম্পল সংগ্রহ করে বিতরনকৃত চালের সাথে মিলিয়ে দেখার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়।<br>০৪। বাজারে বাজারে নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে মিল,গোদাম পরিদর্শন,বাজার মনিটরিং মজুদ/ভেজাল মজুদ বিরোধী অভিযান পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।<br>০৫। ওএমএস কর্মসূচির শূন্য পদে ০২ জন ডিলার নিয়োগ কার্যক্রম প্রচলিত বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>ও<br>চেয়ারম্যান সকল ইউপি |
| | বিবিধ | | |
| | *ক. উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ও বিভিন্ন বিল অনুমোদন/পরিশোধ প্রসঙ্গে:*<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, জুলাই-২০২৪ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যান এর সম্মানী/বাসা ভাড়া ভাতা,ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী ভাতা,দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল, উপজেলা পরিষদ এর বর্জ ব্যবস্থাপনা ও পরিস্কার পরিচ্ছন্নতা বিল,জ্বালানী বিলসহ নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল বাবদ =২,৩০,৪৪০/- টাকা, বাদাঘাট দ: ইউনিয়নের পুরানগাও নকলা হাটি বসন্তপুর বাজার রাস্তায় বালু ভরাটসহ ড্রেসিং এবং ধনপুর ইউনিয়নের রাজনগর ভুট্টোর বাড়ীর নিকট ভাঙ্গনে বালু ভরাটসহ ড্রেসিং বাবদ =৬০,০০০/-টাকা,শুভেচ্ছা ভবনে ইলেকট্রিক মালামাল সরবরাহ ও ওয়ারিং কাজের মজুরী বাবদ = ১২,৮৫০/- টাকা, উপজেলা পরিষদ আবাসিক এলাকার পিলারে ফ্লাশ লাইট সরবরাহ ও ওয়ারিং কাজের মজুরী বাবদ = ৫০০০/-টাকা, উপজেলা আনসার ক্যাম্প,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জএর জুলাই-২০২৪ মাসের জ্বালানী বিল =৩৪০০/-টাকা, মাসিক সভার ব্যানার বিল বাবদ | ক- জুলাই-২০২৪ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যান এর সম্মানী/বাসা ভাড়া ভাতা,ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী ভাতা,দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল, উপজেলা পরিষদ এর বর্জ ব্যবস্থাপনা ও পরিস্কার পরিচ্ছন্নতা বিল,জ্বালানী বিলসহ নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল বাবদ =২,৩০,৪৪০/- টাকা, বাদাঘাট দ: ইউনিয়নের পুরানগাও নকলা হাটি বসন্তপুর বাজার রাস্তায় বালু ভরাটসহ ড্রেসিং এবং ধনপুর ইউনিয়নের রাজনগর ভুট্টোর বাড়ীর নিকট ভাঙ্গনে বালু ভরাটসহ ড্রেসিং বাবদ =৬০,০০০/-টাকা,শুভেচ্ছা ভবনে ইলেকট্রিক মালামাল সরবরাহ ও ওয়ারিং কাজের মজুরী বাবদ= ১২,৮৫০/- টাকা, উপজেলা পরিষদ আবাসিক এলাকার পিলারে ফ্লাশ লাইট সরবরাহ ও ওয়ারিং কাজের মজুরী বাবদ = ৫০০০/-টাকা, উপজেলা আনসার ক্যাম্প,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জএর জুলাই-২০২৪ মাসের জ্বালানী বিল =৩৪০০/-টাকা, মাসিক সভার ব্যানার বিল বাবদ =১০০০/-টাকা,উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ট্যাংকি পরিস্কার,ওয়ারিং কাজ,রংকরনসহ সংস্কার কাজের বিল বাবদ =৬০,০০০/- টাকা, উপজেলা পরিষদ এর ২০২১-২২ | (ক)<br>উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর |

| | | | |
|---|---|---|---|
| | =১০০০/-টাকা,উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ট্যাংকি পরিষ্কার,ওয়ারিং কাজ,রংকরনসহ সংস্কার কাজের বিল বাবদ =৬০,০০০/- টাকা, উপজেলা পরিষদ এর ২০২১-২২ হতে ২০২৩-২৪ মোট ০৩ বছরের ইউপি ট্যাক্স বিল == ৪৭,২৮০/-টাকা, সলুকাবাদ ইউনিয়নের ভাদেরটেক বাজারে ৩০ জুন,২০২৪ দিবাগত রাতে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ০৬ জন ব্যবসায়ীকে আর্থিক সহায়তা প্রদান বিল =৩৩,০০০/-টাকা, উপজেলা পরিষদের জীপ গাড়ির বিভিন্ন যন্ত্রাংশ সংযোজন ও প্রয়োজনীয় মেরামত বিল =১,০০০০০/- টাকার বিল অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>খ. *প্রাধিকারভূক্ত কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন বাসা বরাদ্দ প্রদান এবং প্রাধিকারবিহীন কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে বরাদ্দকৃত বাসা বাতিল প্রসঙ্গে:* **উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান জানান**, উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভিন্ন দপ্তরের এবং প্রাধিকারভূক্ত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন বাসাসমুহে বরাদ্দ না পাওয়ায় ব্যক্তি মালিকানাধীন বাসা ভাড়া নিয়ে পরিবার পরিজনসহ অবস্থান করছেন; ফলে দপ্তরের কার্যক্রমে স্থবিরতা দেখা দিয়েছে। এছাড়াও প্রাধিকারবিহীন কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন বাসা বরাদ্দ নিয়ে অবস্থান করছে; ফলে উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা বিঘ্নিত হচ্ছে। | হতে ২০২৩-২৪ মোট ০৩ বছরের ইউপি ট্যাক্স বিল = ৪৭,২৮০/-টাকা, সলুকাবাদ ইউনিয়নের ভাদেরটেক বাজারে ৩০ জুন,২০২৪ দিবাগত রাতে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ০৬ জন ব্যবসায়ীকে আর্থিক সহায়তা প্রদান বিল =৩৩,০০০/-টাকা, উপজেলা পরিষদের জীপ গাড়ির বিভিন্ন যন্ত্রাংশ সংযোজন ও প্রয়োজনীয় মেরামত বাবদ =১,০০০০০/- টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়; উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকায় বর্ণিত খাত মোতাবেক পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>খ.- প্রাধিকারভূক্ত কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন বাসা বরাদ্দ প্রদান এবং প্রাধিকারবিহীন কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে ইতিপূর্বে বরাদ্দকৃত বাসা বাতিল করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়;এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | (<br><br>(খ)<br>উপজেলা প্রকৌশলী |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রফিকুল ইসলাম তালুকদার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক নিয়মিত সাধারণ সভা
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

স্মারক নং- ৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০০৩.২৪- ৪৩

তারিখ: ০১-০৮-২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য,বাংলাদেশ জাতীয় সংসদ,২২৭,সুনামগঞ্জ-৪।
০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। কমিশনার,সিলেট বিভাগ,সিলেট।
০৪। পরিচালক,স্থানীয় সরকার,সিলেট বিভাগ,সিলেট।
০৫। জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার,সুনামগঞ্জ।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৮। উপজেলা.................................................. কর্মকর্তা,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান,সলুকাবাদ,পলাশ,ধনপুর,বাদাঘাট দঃ,ফতেপুর,ইউপি, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১০। সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১১। জনাব.............................................................. ।
১২। অফিস কপি।

(মফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
তারিখ: ০১-০৮-২০২৪ খ্রিঃ

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

‖ *উপজেলা পরিষদের **আগস্ট-২০২৪** মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী* ‖

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মফিজুর রহমান,প্রশাসক,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ। |
| সভার তারিখ | : | ২৭-০৮-২০২৪ খ্রি: |
| সভার সময় | : | ১০.০০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ। |
| সভার হাজিরা | : | উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকল সদস্য-কে স্বাগত জানিয়ে কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত কর্মকর্তা/সদস্যকে স্ব-স্ব দপ্তরের চলমান গুরুত্বপূর্ণ কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন এবং প্রতিবন্ধকতা থাকলে উত্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অত:পর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যবৃন্দের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | **সভায়** উপস্থাপিত উপজেলা পরিষদের **জুন-২০২৪** মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | **জুন-২০২৪** মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা করা হয়। অগ্রগতি সন্তোষজনক। | **জুন-২০২৪** মাসের মাসিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| বিভাগীয় কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ। | সভায় উত্থাপনযোগ্য সুপারিশসমূহ বিভাগ ভিত্তিক আলোচনায় উপস্থাপন করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| | বিভাগ ভিত্তিক আলোচনা | | |
| আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |
| উপজেলা প্রকৌশল বিভাগ | **উপজেলা প্রকৌশলী জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।<br>**প্যানেল চেয়ারম্যান,সলুকাবাদ ইউপি জানান**, বাঘবেড় বাজারের যানজট নিরসনে বাঘবেড় বাজার-জিনারপুর রোডের ডান দিকের নদীর জায়গায় স্থাপিত অবৈধ স্থাপনা উচ্ছেদ করে অটো ও সিএনজি স্ট্যান্ড নির্মাণ এবং বাজারের পূর্ব পার্শ্বে গাইডওয়াল নির্মাণের প্রস্তাব করেন।<br>**প্যানেল চেয়ারম্যান,সলুকাবাদ ইউপি জানান**, গড়েরগাও-দিঘীরপাড় রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামতের জন্য প্রস্তাব করেন।<br>**প্যানেল চেয়ারম্যান,ধনপুর ইউপি জানান**, চিনাকান্দি-মধ্যনগর-মমিন বাজার এবং ধনপুর-পলাশ রাস্তাসমূহ জরুরী ভিত্তিতে মেরামতের জন্য প্রস্তাব করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, জিনারপুর-রামপুর ও চিনাকান্দি-মুজিব বাজার রাস্তার কাজ কি পর্যায়ে রয়েছে তা উপজেলা প্রকৌশলীর নিকট জানতে চান। | ০১। বাঘবেড় বাজারের যানজট নিরসনে বাঘবেড় বাজার-জিনারপুর রোডের ডান দিকের নদীর জায়গায় স্থাপিত অবৈধ স্থাপনা উচ্ছেদ করে অটো ও সিএনজি স্ট্যান্ড নির্মাণ এবং বাজারের পূর্ব পার্শ্বে গাইডওয়াল নির্মাণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। পরবর্তী কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে **"<u>উপজেলা পরিষদের আবাসিক এলাকায় কাটাতার বেষ্টিত বেড়া নির্মাণ</u>"** প্রকল্পটির = ১১,৩১,৪৩৫/- (এগার লক্ষ একত্রিশ হাজার চারশত পয়ত্রিশ) টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। প্রকল্পটি টেন্ডার পদ্ধতিতে বাস্তবায়ন ও প্রশাসনিক অনুমোদন গ্রহণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে প্রস্তাবনা প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | **উপজেলা প্রকৌশলী জানান**, জিনারপুর-রামপুর ও চিনাকান্দি-মুজিব বাজার রাস্তার কাজ চলমান রয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, গুনগত মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন কাজ নিশ্চিত করণের লক্ষ্যে ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি/রাজস্ব উদ্ধৃত্ত অর্থায়নে প্রকল্প গ্রহণ,অনুমোদন কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করনের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তার স্বার্থে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের আবাসিক এলাকায় কাটাতার বেষ্টিত বেড়া নির্মাণের প্রস্তাব করেন।<br>**চেয়ারম্যান,ফতেপুর ইউপি জানান**, বিশ্বম্ভরপুর বাজারের ভাঙ্গনরোধে বাজারের হাওর সংলগ্ন পার্শ্বে মাটি ভরাটের প্রস্তাব করেন।<br>**চেয়ারম্যান,বাদাঘাট দঃ ইউপি জানান**, মিছাখালী রাবারড্যাম এর উপর দিয়ে বাল্কহেড বা স্টীলের বড় নৌকা অথবা ভারী নৌযান চলাচল করার কারনে রাবার ছিদ্র বা নষ্ট হয়ে যাচ্ছে। সার্বিক নিরাপত্তার স্বার্থে উক্ত রাবারড্যাম এর উপর দিয়ে যাতে কোন প্রকার বাল্কহেড বা স্টীলের বড় নৌকা চলাচল করতে না পারে সে বিষয়ে সভায় প্রস্তাব করেন।<br>**চেয়ারম্যান,বাদাঘাট দঃ ইউপি জানান**, বসন্তপুর বাজারের পুরাতন ফিশ শেড মেরামতের প্রস্তাব করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, কারেন্টের বাজারের ফিশ শেড নির্মাণ কাজ কি পর্যায়ে রয়ে তা উপজেলা প্রকৌশলীর নিকট জনতে চান।<br>**উপজেলা প্রকৌশলী জানান**, কারেন্টের বাজারের ফিশ শেড নির্মাণ কাজ অসম্পূর্ণ থাকা অবস্থায় বন্ধ রয়েছে। ঠিকাদারের সাথে কোন প্রকার যোগাযোগ করা যাচ্ছে না।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, উপজেলা হাট-বাজার তহবিলের (১৫%) অর্থায়নে পলাশ বাজারে বৃক্ষরোপন করার প্রস্তাব করেন। | ০৩। জনদুর্ভোগ কমাতে বর্ষা মৌসুমের পূর্বেই (ক)গড়েরগাও-দিঘীরপাড় রাস্তা (খ) চিনাকান্দি-মধ্যনগর-মমিন বাজার এবং ধনপুর-পলাশ রাস্তাসমুহ জরুরী ভিত্তিতে মেরামতের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। পরবর্তী কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৪। হাট-বাজার তহবিলের অর্থায়নে বিশ্বম্ভরপুর বাজারের ভাঙ্গনরোধে বাজারের হাওর সংলগ্ন পার্শ্বে মাটি ভরাটের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তী কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৫। হাট-বাজার তহবিলের অর্থায়নে বসন্তপুর বাজারের পুরাতন ফিশ শেড মেরামতের প্রস্তাব সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তী কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৬। ঠিকাদারের সাথে যোগাযোগ করে কারেন্টের বাজারের ফিশ শেড নির্মাণ কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্নকরণসহ হস্তান্তর করার পরবর্তী কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৭। জিনারপুর-রামপুর ও চিনাকান্দি-মুজিব বাজার রাস্তার কাজ সার্বিক তদারকি করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৮। মিছাখালী রাবারড্যাম এর উপর দিয়ে বাল্কহেড বা স্টীলের বড় নৌকা অথবা ভারী নৌযান চলাচল করার কারনে রাবার ছিদ্র বা নষ্ট হয়ে যাওয়ায় উক্ত রাবারড্যাম এর উপর দিয়ে যাতে কোন প্রকার বাল্কহেড বা স্টীলের বড় নৌকা অথবা ভারী নৌযান চলাচল করতে না পারে সে বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সার্বিক তদারকিসহ মিছাখালী রাবারড্যাম ব্যবস্থাপনা সম্বলিত পূর্নাঙ্গ প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে প্রেরণের জন্য বিএডিসি(সেচ),সুনামগঞ্জ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৯। গুনগত মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন কাজ নিশ্চিত করণের লক্ষ্যে ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি/রাজস্ব উদ্ধৃত্ত অর্থায়নে প্রকল্প গ্রহণ,অনুমোদন কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>১০। উপজেলা হাট-বাজার তহবিলের (১৫%) অর্থায়নে পলাশ বাজারে বৃক্ষরোপন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তী কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা কৃষি বিভাগ | **উপজেলা কৃষি কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান, অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনয়নে জমির টপ সয়েল রক্ষার্থে উঠান বৈঠক,তেল ফসলের আবাদ বৃদ্ধির জন্য নিয়মিত উঠান বৈঠক করা হচ্ছে। | ০১। অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনয়নে জমির টপ সয়েল রক্ষার্থে উঠান বৈঠক,তেল ফসলের আবাদ বৃদ্ধির জন্য নিয়মিত উঠান বৈঠক আয়োজনসহ বিভিন্ন ধরনের উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা কৃষি | উপজেলা কৃষি অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | খরিপ-২ মৌসুমে আমন আবাদের অর্জন ৯৬%। আউশ আবাদের লক্ষ্যমাত্রা ১২৬৫ হেক্টর; এখন পর্যন্ত আবাদ হয়েছে ৮৩৫ হেক্টর।<br>**উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান**, উপজেলাধীন বালি মাটি প্রবণ এলাকায় বাদাম,তরমুজ আবাদসহ সকল অনাবাদি জমি আবাদের আওতায় আনার জন্য উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | ০২। উপজেলাধীন বালি মাটি প্রবণ এলাকায় বাদাম,তরমুজসহ অন্যান্য লাভজনক বিভিন্ন শস্য আবাদ নিশ্চিত করার বিষয়ে কৃষক উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার** জানান, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কগন বিশ্বম্ভরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তিকৃত রোগীদেরকে নিম্নমানের খাবার পরিবেশন ও হাসপাতালের পরিবেশ অপরিষ্কার অপরিচ্ছন্ন রয়েছে মর্মে তার নিকট একখানা অভিযোগ দাখিল করেছেন। প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান**, হাসপাতালের পরিচ্ছন্ন কার্যক্রমের জন্য আউটসোর্সিং জনবল নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও চিকিৎসক ও নার্সিং পদে জনবল সংকট রয়েছে। মানসম্পন্ন খাবার পরিবেশনের বিষয়টি নিশ্চিত করা হবে। | ০১। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কগন কর্তৃক দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে ভর্তিকৃত রোগীদেরকে মানসম্পন্ন খাবার পরিবেশন ও হাসপাতালের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০৩। আউটসোর্সিং জনবল নিয়োগসহ চিকিৎসক ও নার্সিং পদে জনবল পদায়নের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাববর পত্র প্রেরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়াও পরিবার পরিকল্পনা দপ্তরের কর্মীদেরকে তাগিদ দেয়া হয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, ফতেপুর ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রে এফডব্লিউবি এর পরিবর্তে আয়া দিয়ে চিকিৎসা সেবা দেয়া হচ্ছে মর্মে অভিযোগ পাওয়া যায়। | ০১। পরিবার পরিকল্পনার স্থায়ী/অস্থায়ী পদ্ধতি গ্রহণে জনসাধারণকে সচেতন করা সহ মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার এসডিজি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী আনার বিষয়ে গুরুত্বারোপসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়।<br>০২। আশ্রয়ন প্রকল্পগুলোতে পরিবার পরিকল্পনার সেবার মান আরো বাড়ানোর লক্ষ্যে কর্মীদেরকে তাদিগ দেয়ার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০৩। মা ও শিশুদের স্বাস্থ্য সেবার মান আরো জোরদারকরনের চলমান প্রকল্পের কার্যক্রম সার্বিক তদারকি করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর |
| উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত।<br>**প্যানেল চেয়ারম্যান,পলাশ ইউপি জানান**, পোনা মাছ নিধন রোধসহ কারেন্ট জাল,রিং জাল,চাই জাল ব্যবহারে রোধে বাজার ও হাওরে নিয়মিত কোর্ট ও অভিযান পরিচালনার জন্য সভায় প্রস্তাব করেন। | পোনা মাছ নিধন রোধসহ কারেন্ট জাল,রিং জাল,চাই জাল ব্যবহারে রোধে বাজার ও হাওরে নিয়মিত কোর্ট ও অভিযান পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | **উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান**, উপজেলার প্রাণিসম্পদ উন্নয়নে নিয়মিত চিকিৎসা প্রদানসহ নানা ধরনের পরামর্শ প্রদান করা হচ্ছে। পাশাপাশি রোগ নিরাময় এবং প্রতিরোধে বিভিন্ন খামার পরিদর্শনপূর্বক পর্যাপ্ত চিকিৎসা সহ পরামর্শ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলার প্রাণিসম্পদ উন্নয়নে নিয়মিত চিকিৎসা প্রদান, রোগ নিরাময় এবং প্রতিরোধে বিভিন্ন খামার পরিদর্শনপূর্বক পর্যাপ্ত চিকিৎসা সহ পরামর্শ প্রদানের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা সমবায় বিভাগ | **উপজেলা সমবায় কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। অত্র উপজেলায় নিবন্ধিত মোট ৫৫টি সমবায় সমিতি রয়েছে। তন্মধ্যে ৬টি সমিতি অকার্যকর। অকার্যকর সমবায় সমিতির নিবন্ধন বাতিলে জন্য জেলা সমবায় অফিসার বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বিআরডিবি কেন্দ্রীয় ২টি সমবায় সমিতি লি: ও বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতি ২০২৩-২৪ সনের অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে।<br>**উপজেলা সমবায় কর্মকর্তা জানান**, উপজেলা সমবায় ও আনসার ভিডিপি দপ্তরের ছাদ চুঁইয়ে পানি পরে গুরুত্বপূর্ণ নথিপত্র নষ্ট হয়ে যাচ্ছে। | ০১। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ অকার্যকর সমবায় সমিতির নিবন্ধন বাতিলের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। উপজেলা সমবায় দপ্তর ও আনসার ভিডিপি দপ্তরের ছাদ ও জানালা মেরামতের প্রাক্কলন প্রস্তুতপূর্বক অনুমোদন ও বরাদ্দ প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাবনা প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান**, তিনি নতুন যোগদান করেছেন;দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য জনপ্রতিনিধিগণসহ সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা প্রাথমিক বিভাগ | **উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সকল এসএমসি কমিটি বিলুপ্ত করা হয়েছে। যত দ্রুত সম্ভব এডহক কমিটি গঠন করার নির্দেশনা দেয়া হয়েছে।<br>**উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জানান**, ধরেরপাড় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪ তলা বিশিষ্ট বন্যা আশ্রয় কেন্দ্র সংযোগ সড়কের কারনে ব্যবহার করা যাচ্ছেনা। এক পক্ষ সংযোগ সড়কের জায়গা না দেওয়ায় রাস্তা নির্মাণ করা যাচ্ছেনা।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, যেসকল প্রাথমিক বিদ্যালয়ের ভবনের মেরামত কাজ চলমান সেসকল ভবনের দরজা যাতে ভালো মানের কাঠ দিয়ে তৈরি করা হয় সে বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, চিনাকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দপ্তরি'র বিরুদ্ধে পাওয়া গেছে। প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে তদন্তপূর্বক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**চেয়ারম্যান,বাদাঘাট দ: ইউপি সভায়**, দুর্গাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বন্যা আশ্রয় কেন্দ্র নির্মাণের প্রস্তাব করেন। | ০১। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এডহক কমিটি দ্রুততম সময়ের মধ্যে গঠনের জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। ধরেরপাড় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪ তলা বিশিষ্ট বন্যা আশ্রয় কেন্দ্র সংযোগ সড়কের জটিলতা নিরসনে বিদ্যালয়ের ক্যাচম্যাপ ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনাক্রমে সহকারী কমিশনার (ভূমি) বিশ্বম্ভরপুর,চেয়ারম্যান পলাশ ইউপি ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সমন্বয়ে বিবাদী পক্ষের সাথে ফলপ্রসু আলোচনাক্রমে সংযোগ সড়ক নির্মাণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। যেসকল প্রাথমিক বিদ্যালয়ের ভবনের মেরামত কাজ চলমান সেসকল ভবনের দরজা যাতে ভালো মানের কাঠ দিয়ে তৈরি করা হয় সে বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৪। চিনাকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দপ্তরি'র বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে তদন্তপূর্বক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৫। দুর্গাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বন্যা আশ্রয় কেন্দ্র নির্মাণের পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা** জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বাল্যবিবাহ ও মাদক থেকে শিক্ষার্থীদের বিরত রাখার জন্য এবং শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধি,শিক্ষার্থী ভর্তির হার শতভাগ, ঝরে পড়া রোধে উদ্বুদ্ধকরণ সংক্রান্ত অভিভাবক সমাবেশ করার জন্য প্রস্তাব করেন।<br>**চেয়ারম্যান,ফতেপুর ইউপি জানান**, মুরারিচাঁদ উচ্চ বিদ্যালয়ে নিয়মিত ক্লাশ হচ্ছেনা। শিক্ষকবৃন্দ ক্লাশ করতে অনাগ্রহ প্রকাশ করায় পাঠদান কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। | ০১। বাল্যবিবাহ ও মাদক থেকে শিক্ষার্থীদের বিরত রাখার জন্য এবং শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধি,শিক্ষার্থী ভর্তির হার শতভাগ, ঝরে পড়া রোধে উদ্বুদ্ধকরণ সংক্রান্ত অভিভাবক সমাবেশ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৩। মুরারিচাঁদ উচ্চ বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম স্বাভাবিক রাখার লক্ষ্যে নিয়মিত ক্লাশ পরিচালনার বিষয়টি সার্বিক তদারকি করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, ২০২৩-২৪ অর্থ বছরের সামাজিক নিরাপত্তা কার্যক্রম,পল্লী | ০১। প্রাক্তন উপজেলা সমাজসেবা অফিসার জনাব মো: আলমগীর হোসেন তার যোগদান পরবর্তী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | সমাজসেবা কার্যক্রম,রোগী কল্যান সমিতি,স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন ও নিয়ন্ত্রণ,সমাজকল্যাণ পরিষদ এবং অন্যান্য সকল কার্যক্রমসহ সুদমুক্ত ক্ষুদ্রঋন,মাতৃ ঋণ এবং প্রতিবন্ধী ঋণ কার্যক্রম চলমান।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, উপজেলা সমাজসেবা অফিসার পদে জনাব মোঃ আলমগীর হোসেন অত্র উপজেলায় ২৪ জুলাই,২০২৪ তারিখ যোগদান করেন। তার যোগদান পরবর্তী সময়ে সরকারি বিভিন্ন কার্যক্রমের ট্যাগ অফিসার পদে তাকে দ্বায়িত্ব প্রদান করা হয়। ট্যাগ অফিসার পদের দ্বায়িত্ব অসম্পূর্ণ রেখে লিখিত কিংবা মৌখিক কোন প্রকার অবহিত না করে তিনি অন্যত্র বদলি হয়ে যাওয়ায় তিনি ক্ষোভ প্রকাশ করেন। এ বিষয়ে উপ-পরিচালক,জেলা সমাজসেবা কার্যালয় বরাবর পত্র প্রেরণের প্রস্তাব করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, বৈষম্যবিরোধী আন্দোলনে আহত ছাত্র/জনতার সুচিকিৎসা নিশ্চিত করণসহ সার্বিক সহযোগিতা প্রদানের প্রস্তাব করেন। | সময়ে সরকারি বিভিন্ন কার্যক্রমের ট্যাগ অফিসার পদের দ্বায়িত্ব অসম্পূর্ণ রেখে লিখিত কিংবা মৌখিক কোন প্রকার অবহিত না করে অন্যত্র বদলি হলে কর্মস্থল ত্যাগ করা এবং উপজেলা পরিষদের সাথে সমন্বয় ব্যতীত রাতের আঁধারে এ উপজেলা ত্যাগ করায় এ বিষয়ে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য উপ-পরিচালক,জেলা সমাজসেবা কার্যালয় বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>০২। ২০২৩-২৪ অর্থ বছরের সামাজিক নিরাপত্তা কার্যক্রম,পল্লী সমাজসেবা কার্যক্রম,রোগী কল্যান সমিতি,স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন ও নিয়ন্ত্রণ,সমাজকল্যাণ পরিষদ এবং অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে সমন্বয় করে বৈষম্যবিরোধী আন্দোলনে আহত ছাত্র/জনতার সুচিকিৎসা নিশ্চিত করণসহ সার্বিক সহযোগিতা প্রদানের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | **সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সহঃ প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করা হয়। | সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান, সর্বজনীন পেনশন স্কীম গ্রহণের জন্য উপকারভোগীদের উদ্বুদ্ধ করণ অব্যাহত রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান**, ভিডব্লিউবি কর্মসুচির ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দ পাওয়া যায়নি।<br>**সভাপতি জানান**, ভিডব্লিউবি কর্মসুচির মোট উপকারভোগীদের মধ্যে চলতি মাসে কতজন উপকারভোগী মৃত্যুবরন করেছেন তার সঠিক তথ্য উপস্থাপনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কে অনুরোধ করেন।<br>তিনি আরো জানান, মা শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউপি হতে ৬জন উপকারভোগীর নাম প্রত্যেক মাসের ২০ তারিখের মধ্যে অধিকতর যাচাইপূর্বক ক্রটিমুক্ত এএনসি কার্ডসহ প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন।<br>**উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান**, ভিডব্লিউবি কর্মসুচির আওতায় প্রতি উপকারভোগীর স্ব-স্ব হিসাব নাম্বারে ২২০/- টাকা হারে মাসিক সঞ্চয় যথাযথভাবে জমা করার বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। মা শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউপি হতে ৬জন উপকারভোগীর নাম (স্বাক্ষরসীল যুক্ত সম্পূর্ণ এএনসি কার্ডসহ) প্রত্যেক মাসের ২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।<br>০২। ভিডব্লিউবি কর্মসুচির আওতায় প্রতি উপকারভোগীর স্ব-স্ব হিসাব নাম্বারে ২২০/- টাকা হারে মাসিক সঞ্চয় যথাযথভাবে জমা করার বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।<br>০৩। ভিডব্লিউবি কর্মসুচির মোট উপকারভোগীদের মধ্যে প্রতি মাসে কতজন উপকারভোগী মৃত্যুবরন করেছেন তার সঠিক তথ্য উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থপনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরেধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা পরিবেশ ও বন বিভাগ | বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিট সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিটকে অনুরোধ করা হয়। | বিট কর্মকর্তা শক্তিয়ারখলা |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | **শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান**, ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান বিগত মাসে ২৫ লক্ষ টাকা ঋণ আদায় এবং ২২ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। | ০১। ঋন বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রাখার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |

| | | | |
|---|---|---|---|
| | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, খেলাপী ঋন আদায়ে জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শাখা ব্যবস্থাপক এর দৃষ্টি আকর্ষণ করেন। | ০২। খেলাপী ঋন আদায়ে ঋন গ্রহীতের প্রতি নোটিশ প্রদানসহ জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | |
| নিরাপদ খাদ্য নিশ্চিকরণ | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা অত্যন্ত জরুরী। মাঠ পর্যায়ে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপনন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করনে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।<br>০৩। টিসিবিসহ খাদ্য বান্ধব কর্মসূচির চাল বিতরনে প্রাপ্ত অভিযোগ নিরসনে খাদ্য গোদাম হতে বিতরনকৃত চালের সেম্পল সংগ্রহ করে বিতরনকৃত চালের সাথে মিলিয়ে দেখার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়।<br>০৪। বাজারে বাজারে নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে মিল,গোদাম পরিদর্শন,বাজার মনিটরিং মজুদ/ভেজাল মজুদ বিরোধী অভিযান পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>ও<br>চেয়ারম্যান সকল ইউপি |
| | বিবিধ | | |
| | *ক. উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ও বিভিন্ন বিল অনুমোদন/পরিশোধ প্রসঙ্গে:*<br>**উপজেলা নির্বাহী অফিসার** জানান, আগস্ট-২০২৪ মাসের উপজেলা পরিষদ এর দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল,আনুষাঙ্গিক বিল,নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল বাবদ=৪৬,১৩৭/-,উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের টাইলস ফিটিংস বিল বাবদ =১৪,২৪০/-,উপজেলা আনসার ক্যাম্প এর আগস্ট-২০২৪ মাসের জ্বালানী বিল বাবদ =৩৪০০/-,০৩টি ড্রপ আউট ও ০১টি মাসিক সভার ব্যানার এবং ০২টি সিল তৈরি বিল বাবদ = ৬০০০/- টাকার বিল অনুমোদনপূর্বক পরিশোধের জন্য সভায় প্রস্তাব করেন | ক. আগস্ট-২০২৪ মাসের উপজেলা পরিষদ এর দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল,আনুষাঙ্গিক বিল,নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল বাবদ=৪৬,১৩৭/-,উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের টাইলস ফিটিংস বিল বাবদ =১৪,২৪০/-,উপজেলা আনসার ক্যাম্প এর আগস্ট-২০২৪ মাসের জ্বালানী বিল বাবদ =৩৪০০/-,০৩টি ড্রপ আউট ও ০১টি মাসিক সভার ব্যানার এবং ০২টি সিল তৈরি বিল বাবদ = ৬০০০/- টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত বিলসমুহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকায় বর্ণিত খাত মোতাবেক পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৮/২০২৪

(মফিজুর রহমান)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক নিয়মিত সাধারণ সভা
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

স্মারক নং- ৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০০৩.২৪- ৪৭

তারিখ: ২৯-০৮-২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। কমিশনার,সিলেট বিভাগ,সিলেট।
০৩। পরিচালক,স্থানীয় সরকার,সিলেট বিভাগ,সিলেট।
০৪। জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
০৫। উপ-পরিচালক,স্থানীয় সরকার,সুনামগঞ্জ।
০৬। উপজেলা [illegible] কর্মকর্তা বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

০৭। চেয়ারম্যান,সলুকাবাদ,পলাশ,ধনপুর,বাদাঘাট দঃ,ফতেপুর,ইউপি, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৮। জনাব........................................................।
০৯। অফিস কপি।

২৯/০৮/২০২৪
(মফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
তারিখ: ২৯-০৮-২০২৪ খ্রি:

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

|| *উপজেলা পরিষদের* ***সেপ্টেম্বর-২০২৪*** *মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী* ||

সভাপতি : জনাব মফিজুর রহমান, প্রশাসক, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

সভার তারিখ : ২৫-০৯-২০২৪ খ্রি:

সভার সময় : ১০.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্য-কে স্বাগত জানিয়ে কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত কর্মকর্তা/সদস্যকে স্ব-স্ব দপ্তরের চলমান গুরুত্বপূর্ণ কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন এবং প্রতিবন্ধকতা থাকলে উত্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যবৃন্দের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | **সভায় উপস্থাপিত উপজেলা পরিষদের আগস্ট-২০২৪** মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | **আগস্ট-২০২৪** মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা করা হয়। অগ্রগতি সন্তোষজনক। | **আগস্ট-২০২৪** মাসের মাসিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| বিভাগীয় কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ। | সভায় উত্থাপনযোগ্য সুপারিশসমূহ বিভাগ ভিত্তিক আলোচনায় উপস্থাপন করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| | বিভাগ ভিত্তিক আলোচনা | | |
| আইন-শৃঙ্খলা বিভাগ | **অফিসার ইন-চার্জ, বিশ্বম্ভরপুর থানা** জানান, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং যে কোনো ধরণের নাশকতা রোধে পুলিশ বিভাগ কর্তৃক যথাযথ মনিটরিংসহ টহল জোরদার রয়েছে। | নারী নির্যাতন, বাল্যবিবাহ, ধর্ষণ, ইভটিজিং, মাদক, ধর্মীয় উগ্রবাদসহ আইন শৃঙ্খলা পরিপন্থি সকল অপরাধ প্রতিরোধে পুলিশী তৎপরতা আরোও জোরদারপূর্বক সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য স্থানীয় পুলিশ বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |
| উপজেলা প্রকৌশল বিভাগ | **উপজেলা প্রকৌশলী জানান,** দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, জিনারপুর-রামপুর রাস্তার কাজ কি পর্যায়ে রয়েছে তা উপজেলা প্রকৌশলীর নিকট জানতে চান।<br>**উপজেলা প্রকৌশলী জানান,** জিনারপুর-রামপুর রাস্তার কাজ কিছু দিন বন্ধ থাকার পর আবার চলমান রয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে গৃহীত পরিশিষ্ট 'খ' তে সংযুক্ত প্রকল্প তালিকা অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, গুনগত মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন কাজ নিশ্চিত করণের লক্ষ্যে ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি/রাজস্ব উদ্বৃত্ত অর্থায়নে প্রকল্প গ্রহণ, অনুমোদন | ০১। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে গৃহীত পরিশিষ্ট 'খ' তে সংযুক্ত প্রকল্প তালিকা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। পরবর্তী কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০২। বিশ্বম্ভরপুর-শক্তিয়ারখলা বাজার রাস্তার কাজে নিম্নমানের উপকরণ ব্যবহার ও আরসিসি লেবেল সঠিকভাবে হচ্ছেনা মর্মে প্রাপ্ত অভিযোগের বিষয়ে ঠিকাদারকে সতর্কীকরণ পত্র প্রেরণসহ প্রাক্কলন মোতাবেক বাস্তবায়ন কাজ নিশ্চিত করার লক্ষ্যে সার্বিক তদারকি করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৩। গুনগত মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন কাজ নিশ্চিত করণের লক্ষ্যে ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি/রাজস্ব উদ্বৃত্ত অর্থায়নে প্রকল্প গ্রহণ, অনুমোদন কার্যক্রম দ্রুততম | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করনের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>**চেয়ারম্যান,বাদাঘাট দঃ ইউপি জানান,** বিশ্বম্ভরপুর-শক্তিয়ারখলা বাজার রাস্তার কাজে নিম্নমানের উপকরণ ব্যবহার করা হচ্ছে,রাস্তার আরসিসি লেবেল সঠিকভাবে করা হচ্ছেনা। এ বিষয়ে রাস্তার কাজে নিয়োজিত ঠিকাদারকে সতর্ককরণসহ প্রাক্কলন মোতাবেক বাস্তবায়ন কাজ নিশ্চিত করার লক্ষ্যে সার্বিক তদারকি করার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>**চেয়ারম্যান,ফতেপুর ইউপি জানান,** কৌয়া পয়েন্ট হতে দুলভারচর বাজার এবং সংগ্রামপুর আরএইচডি রোড হতে সংগ্রামপুর মসজিদ পর্যন্ত রাস্তা মেরামতের জন্য প্রস্তাব করেন। | সময়ের মধ্যে সম্পন্ন করনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৪। কৌয়া পয়েন্ট হতে দুলভারচর বাজার এবং সংগ্রামপুর আরএইচডি রোড হতে সংগ্রামপুর মসজিদ পর্যন্ত রাস্তা মেরামত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা কৃষি বিভাগ | **উপজেলা কৃষি কর্মকর্তা জানান,** দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান, অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনয়নে জমির টপ সয়েল রক্ষার্থে উঠান বৈঠক,তেল ফসলের আবাদ বৃদ্ধির জন্য নিয়মিত উঠান বৈঠক করা হচ্ছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান,** দি লিটল বার্ড স্কুলের পার্শ্বে ০৫টি ব্লকে প্রদর্শনীমূলক সবজি চাষসহ উপজেলাধীন বালি মাটি প্রবণ এলাকায় বাদাম,তরমুজ আবাদসহ সকল অনাবাদি জমি আবাদের আওতায় আনার জন্য উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**চেয়ারম্যান,বাদাঘাট দঃ ইউপি জানান,** ভর্তুকী মুল্যে পাওয়ার টিলার এবং হারভেস্টার মেশিন উপজেলা ভিত্তিক চলতি বছরে কি পরিমান বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে সে বিষয়ে উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন এবং বরাদ্দ প্রাপ্ত মেশিনগুলো স্বচ্ছতার সহিত প্রান্তিক কৃষকদের মধ্যে বিতরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করেন। | ০১। অনাবাদি ও প্রবাসীদের পতিত জমি আবাদের আওতায় আনয়নে জমির টপ সয়েল রক্ষার্থে উঠান বৈঠক,তেল ফসলের আবাদ বৃদ্ধির জন্য নিয়মিত উঠান বৈঠক আয়োজনসহ বিভিন্ন ধরনের উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। দি লিটল বার্ড স্কুলের পার্শ্বে ০৫টি ব্লকে প্রদর্শনীমূলক সবজি চাষসহ উপজেলাধীন বালি মাটি প্রবণ এলাকায় বাদাম,তরমুজ আবাদসহ সকল অনাবাদি জমি আবাদের বিষয়ে কৃষক উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৩। ভর্তুকী মুল্যে পাওয়ার টিলার এবং হারভেস্টার মেশিন উপজেলা ভিত্তিক স্বচ্ছতার সহিত প্রান্তিক কৃষকদের মধ্যে বিতরণ নিশ্চিত করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান,** দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান,** দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়াও পরিবার পরিকল্পনা দপ্তরের কর্মীদেরকে তাদিগ দেয়া হয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** আশ্রয়ন প্রকল্পভুক্ত পরিবার পরিকল্পনার সেবার মান আরো বাড়ানোর লক্ষ্যে কর্মীদেরকে তাদিগ দেয়ার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। পরিবার পরিকল্পনার স্থায়ী/অস্থায়ী পদ্ধতি গ্রহণে জনসাধারণকে সচেতন করা সহ মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার এসডিজি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী আনার বিষয়ে গুরুত্বারোপহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়।<br>০২। আশ্রয়ন প্রকল্পগুলোতে পরিবার পরিকল্পনার সেবার মান আরো বাড়ানোর লক্ষ্যে কর্মীদেরকে তাদিগ দেয়ার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর |
| উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | **উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান,** উপজেলার প্রাণিসম্পদ উন্নয়নে নিয়মিত চিকিৎসা প্রদানসহ নানা ধরনের পরামর্শ প্রদান করা হচ্ছে। পাশাপাশি রোগ নিরাময় এবং প্রতিরোধে বিভিন্ন খামার পরিদর্শনপূর্বক | ০১। উপজেলার প্রাণিসম্পদ উন্নয়নে নিয়মিত চিকিৎসা প্রদান, রোগ নিরাময় এবং প্রতিরোধে বিভিন্ন খামার পরিদর্শনপূর্বক পর্যাপ্ত চিকিৎসা সহ পরামর্শ প্রদানের জন্য উপজেলা প্রাণিসম্পদ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | রয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, প্রান্তিক খামারীদের অনুকূলে প্রদত্ত প্রণোদনার উপকারভোগী তালিকা উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের সমন্বয়ে প্রস্তুত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করা হয়। | ০২। প্রণোদনার উপকারভোগী তালিকা উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের সমন্বয়ে প্রস্তুত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা সমবায় বিভাগ | **উপজেলা সমবায় কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। অত্র উপজেলায় নিবন্ধিত মোট ৫৫টি সমবায় সমিতি রয়েছে। তন্মধ্যে ৬টি সমিতি অকার্যকর। অকার্যকর সমবায় সমিতির নিবন্ধন বাতিলে জন্য জেলা সমবায় অফিসার বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। জনগুরুত্বপূর্ণ ০৩টি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি দীর্ঘদিন ধরে অকার্যকর ছিল;বর্তমানে সচল করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা,অকার্যকর সমবায় সমিতির নিবন্ধন বাতিলসহ ০৩টি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির কার্যক্রম সচল করার কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। এছাড়াও গরুর দুধ বাজারজাত করণে প্রান্তিক চাষীগণ যেন সঠিক মূল্য পায় সে লক্ষ্যে তাদের নিয়ে সমবায় সমিতি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা** জানান, তিনি নতুন যোগদান করেছেন;দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য জনপ্রতিনিধিগণসহ সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অর্থায়নে নির্মিত ব্রীজসমূহ দ্রুত চালু করে জন/যান চলাচলের উপযোগী করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অর্থায়নে নির্মিত ব্রীজসমুহ দ্রুত চালু করে জন/যান চলাচলের উপযোগী করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা প্রাথমিক বিভাগ | **উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সকল এসএমসি কমিটি বিলুপ্ত করা হয়েছে। যত দ্রুত সম্ভব এডহক কমিটি গঠন চলমান রয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, যেসকল প্রাথমিক বিদ্যালয়ের ভবনের মেরামত কাজ চলমান সেসকল ভবনের দরজা যাতে ভালো মানের কাঠ দিয়ে তৈরি করা হয় সে বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এডহক কমিটি দ্রুততম সময়ের মধ্যে গঠনের জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। যেসকল প্রাথমিক বিদ্যালয়ের ভবনের মেরামত কাজ চলমান সেসকল ভবনের দরজা যাতে ভালো মানের কাঠ দিয়ে তৈরি করা হয় সে বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা** জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বাল্যবিবাহ ও মাদক থেকে শিক্ষার্থীদের বিরত রাখার জন্য এবং শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধি,শিক্ষার্থী ভর্তির হার শতভাগ, ঝরে পড়া রোধে উদ্বুদ্ধকরণ সংক্রান্ত অভিভাবক সমাবেশ করার জন্য প্রস্তাব করেন। | বাল্যবিবাহ ও মাদক থেকে শিক্ষার্থীদের বিরত রাখার জন্য এবং শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধি,শিক্ষার্থী ভর্তির হার শতভাগ, ঝরে পড়া রোধে উদ্বুদ্ধকরণ সংক্রান্ত অভিভাবক সমাবেশ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা বিভাগ | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান**, ২০২৩-২৪ অর্থ বছরের সামাজিক নিরাপত্তা কার্যক্রম,পল্লী সমাজসেবা কার্যক্রম,রোগী কল্যান সমিতি,স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন ও নিয়ন্ত্রণ,সমাজকল্যাণ পরিষদ এবং অন্যান্য সকল কার্যক্রমসহ সুদমুক্ত ক্ষুদ্রঋন,মাতৃ ঋণ এবং প্রতিবন্ধী ঋণ কার্যক্রম চলমান।<br>**উপজেলা সমাজসেবা কর্মকর্তা** জানান, সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় প্রতিস্থাপনযোগ্য ভাতাভোগী যাচাই,ইউপি হতে প্রাপ্ত তালিকা উপজেলা কমিটি কর্তৃক অনুমোদনের জন্য সভা আয়োজনের প্রস্তাব করেন। | ০১। ২০২৩-২৪ অর্থ বছরের সামাজিক নিরাপত্তা কার্যক্রম,পল্লী সমাজসেবা কার্যক্রম,রোগী কল্যান সমিতি,স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন ও নিয়ন্ত্রণ,সমাজকল্যাণ পরিষদ এবং অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে সমন্বয় করে বৈষম্যবিরোধী আন্দোলনে আহত ছাত্র/জনতার সুচিকিৎসা নিশ্চিত করণসহ সার্বিক সহযোগিতা প্রদানের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা নির্বাহী অফিসার জানান, বৈষম্যবিরোধী আন্দোলনে আহত ছাত্র/জনতার সুচিকিৎসা নিশ্চিত করণসহ সার্বিক সহযোগিতা প্রদানের প্রস্তাব করেন। | ০৩। সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় প্রতিস্থাপনযোগ্য ভাতাভোগী যাচাই,ইউপি হতে প্রাপ্ত তালিকা উপজেলা কমিটি কর্তৃক অনুমোদনের জন্য সভা আয়োজনের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | **সহ: প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সহ: প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করা হয়। | সহ: প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান, সর্বজনীন পেনশন স্কীম গ্রহণের জন্য উপকারভোগীদের উদ্বুদ্ধ করণ অব্যাহত রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা পরিবেশ ও বন ভিাগ | **বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিট জানান**, করাতকল স্থাপনের পূর্বেই সরকারি রাজস্ব জমা করে লাইসেন্স গ্রহণ করার বিধান থাকা সত্বেও অনেকেই বিধান লঙ্গন করে করাত কল স্থাপন করেছে। এছাড়াও লাইসেন্স প্রাপ্ত করাতকলের প্রতি বছর লাইসেন্স নবায়নের জন্য সরকারি ফি জমা দেয়ার বিধান থাকা সত্বেও অনেকেই বিধান লঙ্গন করে করাত কল চালু রাখছে।<br>**বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিট জানান**, শক্তিয়ারখলা বিট অফিসের জায়গায় প্লাস্টিক জাতীয় অপচনশীল দ্রব্য ও ময়লা ফেলার কারনে বন বিভাগের কার্যক্রম চালাতে সমস্যা হচ্ছে। বাজার সমিতির সভাপতিকে মৌখিকভাবে বলার পরেও কোন সুরাহা হচ্ছেনা। এছাড়াও শক্তিয়রখলা নদীর ঘাটে ঘর নির্মাণের ফলে নদীপথে আগত ফরেস্টের বনজ সম্পদ লোড/আনলোডে সমস্যা হচ্ছে।<br>**বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিট জানান**, বন বিভাগের জবর দখলকৃত ভূমি পুনরুদ্ধারের জন্য বিভিন্ন প্রক্রিয়া চলমান। বিষয়টি অত্যন্ত স্পর্শকাতর বিষয় হওয়ায় সুনামগঞ্জ রেঞ্জের অধীন শক্তিয়ারখলা বিটের আওতায় ৫৪৪৯ একর বেদখলকৃত ভূমি উদ্ধারের জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১।শক্তিয়ারখলা বিটের মালিকানাধীন বেদখলকৃত ভূমি উদ্ধারের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। সুনামগঞ্জ রেঞ্জের অধীন শক্তিয়ারখলা বিটের আওতায় বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে স্থাপিত ও পরিচালিত করাতকল পরিদর্শন করে অবৈধভারে স্থাপিত লাইসেন্সবিহীন কিংবা লাইসেন্স নবায়ন ফি প্রদানে ব্যর্থ করাতকল বন্ধ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৩। শক্তিয়ারখলা বিট অফিসের জায়গার পরিবর্তে একটি নির্দিষ্ট জায়গায় প্লাস্টিক জাতীয় অপচনশীল দ্রব্য ও ময়লা ফেলা ও নদীপথে আগত ফরেস্টের বনজ সম্পদ লোড/আনলোডের সমস্যা নিরসনে পদক্ষেপ গ্রহণের জন্য শক্তিয়ারখলা বাজার সমিতির সভাপতি-কে পত্র প্রেরণের সিদবধান্ত গৃহীত হয়। | বিট কর্মকর্তা শক্তিয়ারখলা |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | **শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান**, ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান বিগত মাসে ৪৬.৪৫ লক্ষ টাকা ঋণ আদায় এবং ৩৭.৮২ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, খেলাপী ঋন আদায়ে জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শাখা ব্যবস্থাপক এর দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। ঋন বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রাখার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়।<br>০২। খেলাপী ঋন আদায়ে ঋন গ্রহীতের প্রতি নোটিশ প্রদানসহ জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| নিরাপদ খাদ্য নিশ্চিকরণ | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা অত্যন্ত জরুরী। মাঠ পর্যায়ে নিরাপদ খাদ্য | ০১। খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপনন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করনে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও চেয়ারম্যান সকল ইউপি |

| | | | |
|---|---|---|---|
| | আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>উপজেলা নির্বাহী অফিসার জানান, জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করেন। | ০২। বাজারে বাজারে নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে মিল,গোদাম পরিদর্শন,বাজার মনিটরিং মজুদ/ভেজাল মজুদ বিরোধী অভিযান পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | |
| | | বিবিধ | |
| | *ক. উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ও বিভিন্ন বিল অনুমোদন/পরিশোধ প্রসঙ্গে:* **উপজেলা নির্বাহী অফিসার জানান**, সেপ্টেম্বর-২০২৪ মাসের উপজেলা পরিষদ এর দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল,আনুষাঙ্গিক বিল,আপ্যায়ন বিল,নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল বাবদ=৪৯,৬৩৭/-,উপজেলা পরিষদ প্রশাসক ও উপজেলা আনসার ক্যাম্পের ০৫টি থাই এ্যালুমনিয়ামের জানালা তৈরি বাবদ =৫৫,০০০/-,প্রাবন ভবনে ০১টি নতুন সাব-মার্সিবল পাম্প ক্রয়পূর্বক স্থাপন =১৮,১২৫/-,উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ইলেকট্রিক সামগ্রী সরবরাহসহ মজুরী বাবাদ= ৫৯৫০/-,উপজেলা আনসার ক্যাম্প এর সেপ্টেম্বর-২০২৪ মাসের জ্বালানী বিল বাবদ =৩৪০০/- টাকা,উপজেলা পরিষদ প্রশাসক কার্যালয়ে আসবাবপত্র সরবরাহ বাবাদ ১,৫০,০০০/- টাকা, উপজেলা পরিষদ প্রশাসকের কার্যালয়ে ওয়ারিং কাজ,প্রয়োজনীয় ইলেকট্রিক ও অফিস সরঞ্জামাদি সরবরাহ বাবদ =৬৩,০০০/- টাকার বিল অনুমোদনপূর্বক পরিশোধের জন্য সভায় প্রস্তাব করেন। | ক. সেপ্টেম্বর-২০২৪ মাসের উপজেলা পরিষদ এর দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল,আনুষাঙ্গিক বিল,আপ্যায়ন বিল,নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল বাবদ=৪৯,৬৩৭/-,উপজেলা পরিষদ প্রশাসক ও উপজেলা আনসার ক্যাম্পের ০৫টি থাই এ্যালুমনিয়ামের জানালা তৈরি বাবদ =৫৫,০০০/-,প্রাবন ভবনে ০১টি নতুন সাব-মার্সিবল পাম্প ক্রয়পূর্বক স্থাপন =১৮,১২৫/-,উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ইলেকট্রিক সামগ্রী সরবরাহসহ মজুরী বাবাদ= ৫৯৫০/-,উপজেলা আনসার ক্যাম্প এর সেপ্টেম্বর-২০২৪ মাসের জ্বালানী বিল বাবদ =৩৪০০/- টাকা,উপজেলা পরিষদ প্রশাসক কার্যালয়ে আসবাবপত্র সরবরাহ বাবাদ ১,৫০,০০০/- টাকা, উপজেলা পরিষদ প্রশাসকের কার্যালয়ে ওয়ারিং কাজ,প্রয়োজনীয় ইলেকট্রিক ও অফিস সরঞ্জামাদি সরবরাহ বাবদ =৬৩,০০০/-টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত বিলসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকায় বর্ণিত খাত মোতাবেক পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৯/২০২৪

(মফিজুর রহমান)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক নিয়মিত সাধারণ সভা
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

স্মারক নং- ৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০০৩.২৪- ৫২

তারিখ:৩০-০৯-২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। কমিশনার,সিলেট বিভাগ,সিলেট।
০৩। পরিচালক,স্থানীয় সরকার,সিলেট বিভাগ,সিলেট।
০৪। জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
০৫। উপ-পরিচালক,স্থানীয় সরকার,সুনামগঞ্জ।
০৬। উপজেলা................................................ কর্মকর্তা,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৭। চেয়ারম্যান,সলুকাবাদ,পলাশ,ধনপুর,বাদাঘাট দ:,ফতেপুর,ইউপি, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৮। জনাব................................................................. ।
০৯। অফিস কপি।

৩০/০৯/২০২৪

(মফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
তারিখ: ৩০-০৯-২০২৪ খ্রি:

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

২৫-০৯-২০২৪ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সাধারণ সভায় অনুমোদিত উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে গৃহীত প্রকল্প তালিকা -পরিশিষ্ট 'খ'

| ক্র:নং | প্রকল্পের নাম | বরাদ্দ | বাস্তবায়ন পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদে লাইব্রেরী নির্মাণ | ৪,৪৮,৫৯৯/- | টেন্ডার | |
| ০২ | মুক্তমঞ্চ ও লাইব্রেরী এরিয়ায় ওয়াকওয়ে নির্মাণ | ২,৩০,০০০/- | কোটেশন | |
| ০৩ | বাদাঘাট দ: ইউনিয়নের দুর্গাপুরে যাত্রী ছাউনী নির্মাণ | ৫,৫১,০০০/- | কোটেশন | |
| ০৪ | উপজেলা পরিষদ জামে মসজিদ সম্প্রসারণ | ১২,৪৯,৯৯৮/- | টেন্ডার | |
| ০৫ | দি লিটল বার্ড স্কুলে সিলিং ও লাইট এর সংস্কার | ৩,০৫০০০/- | টেন্ডার | |
| ০৬ | উপজেলা পরিষদ আবাসিক এলাকায় শীতকালীন ফুলের বাগান তৈরি | ৫০,০০০/- | ভাউচার | |

৩০/০৯/২০২৪

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

[[ উপজেলা পরিষদের **অক্টোবর-২০২৪** মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ]]

সভাপতি : জনাব মফিজুর রহমান,প্রশাসক,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

সভার তারিখ : ২৯-১০-২০২৪ খ্রি:

সভার সময় : ১২.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্য-কে স্বাগত জানিয়ে কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত কর্মকর্তা/সদস্যকে স্ব-স্ব দপ্তরের চলমান গুরুত্বপূর্ণ কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন এবং প্রতিবন্ধকতা থাকলে উত্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যবৃন্দের অংশগ্রহণে সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় উপস্থাপিত উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | সেপ্টেম্বর-২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা করা হয়। অগ্রগতি সন্তোষজনক। | সেপ্টেম্বর-২০২৪ মাসের মাসিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| বিভাগীয় কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ। | সভায় উত্থাপনযোগ্য সুপারিশসমূহ বিভাগ ভিত্তিক আলোচনায় উপস্থাপন করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| | বিভাগ ভিত্তিক আলোচনা | | |
| আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য অফিসার ইনচার্জ,বিশ্বম্ভরপুর থানা-কে অনুরোধ করা হয়। | অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |
| উপজেলা প্রকৌশল বিভাগ | **উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি** জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান, ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দের পরিমান ২৯.৬৫ লক্ষ টাকা। প্রাপ্ত ১ম কিস্তির ভিত্তিতে ০২ কিস্তিতে সর্বমোট = ৫৯.৩০ লক্ষ টাকার প্রকল্প প্রস্তাবনা আহবান করেন।<br>চলতি মাসের কার্যক্রম:<br>-: পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ভবন নির্মান :-<br>ধনপুর স: প্রা: বিদ্যালয় এর নির্মান অগ্রগতী ৯০%<br>তালেরতল স: প্রা: বিদ্যালয় এর নির্মান অগ্রগতী ৩০%<br>উপজেলাসদর স: প্রা: বিদ্যালয় এর নির্মান অগ্রগতী ৪৫%<br>ললিয়াপুর স: প্রা: বিদ্যালয় এর নির্মান অগ্রগতী ৩০%<br>গোলগাঁও স: প্রা: বিদ্যালয় এর নির্মান অগ্রগতী ১০০%<br>ডলুরা স: প্রা: বিদ্যালয় এর নির্মান অগ্রগতী ৫০%<br>আদাং স: প্রা: বিদ্যালয় এর নির্মান অগ্রগতী ৫০%<br>মথুরকান্দি স: প্রা: বিদ্যালয় এর নির্মান অগ্রগতী ২০%<br>ভাদেরটেক স: প্রা: বিদ্যালয় এর নির্মান অগ্রগতী ১০%<br>মাছিমপুর,রাজেন্দ্রপুর,আমড়িয়া স: প্রা: বিদ্যালয় এর নির্মান অগ্রগতী ৪০% | ০১। ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি ১ম কিস্তির ভিত্তিতে ০২ কিস্তিতে সর্বমোট = ৫৯.৩০ লক্ষ টাকার প্রকল্প প্রস্তাবনা আহবান ও অনুমোদন কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০২। বিশ্বম্ভরপুর-শক্তিয়ারখলা বাজার রাস্তার কাজে সঠিকভাবে পানি দেয়া এবং সঠিকমানের নির্মান উপকরন সামগ্রী ব্যবহার নিশ্চিত করণে সার্বিক তদারকি করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৩। গুনগত মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন কাজ নিশ্চিত করণের লক্ষ্যে ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি/রাজস্ব উদ্বৃত্ত অর্থায়নে প্রকল্প গ্রহণ,অনুমোদন কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৪। উপজেলা হাট-বাজার তহবিলের অর্থায়নে পলাশ বাজারের অভ্যন্তরীন রাস্তা নির্মাণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তী কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | -: পিইডিপি-৪ প্রকল্পের আওতায় বাউন্ডারী ওয়াল নির্মান:-<br>ভাটিপাড়া,চালবন,দুর্গাপুর স: প্রা: বিদ্যালয় এর নির্মান অগ্রগতী ৬০%<br>খোদাদিলা,কুটিপাড়া পাখিজান স: প্রা: বিদ্যালয় এর নির্মান অগ্রগতী ৫০%<br>দশঘর,কাচিরগাতি স: প্রা: বিদ্যালয় এর নির্মান অগ্রগতী ৮০%<br>পদ্মনগর,ছাতারকোনা,তালেরতল স: প্রা: বিদ্যালয় এর নির্মান অগ্রগতী ৪০%<br>গামাইরতলা,হালাবাদি,কাইতকোনা,মৌয়াকুড়া স: প্রা: বিদ্যালয় এর নির্মান অগ্রগতী ৬০%<br>-: ইইউসিপি-২:-<br>সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হল রুম নির্মান অগ্রগতী ৬০%<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, গুনগত মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন কাজ নিশ্চিত করণের লক্ষ্যে ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি/রাজস্ব উদ্ধৃত্ত অর্থায়নে প্রকল্প গ্রহণ,অনুমোদন কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করনের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, বিশ্বম্ভরপুর-শক্তিয়ারখলা বাজার রাস্তার কাজে পানি দেওয়া হচ্ছেনা। ফলে ধূলোবালিতে জনজীবন-অতিষ্ঠ হয়ে পড়েছে;পথচারীবৃন্দ বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে মর্মে নানাবিধ অভিযোগ আসছে।<br>**চেয়ারম্যান,বাদাঘাট দ: ইউপি** জানান, বিশ্বম্ভরপুর-শক্তিয়ারখলা বাজার রাস্তার কাজে নিম্নমানের উপকরণ ব্যবহার করা হচ্ছে। এ বিষয়ে তিনি উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, হাট-বাজার তহবিলের অর্থায়নে পলাশ বাজারের অভ্যন্তরীন রাস্তা উন্নয়ন করার প্রস্তাব করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনসহ বাউন্ডারী ওয়াল সংস্কার করার প্রস্তাব করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পার্শ্বে সম্প্রসারিত অংশে কাটা তারের বেড়া নির্মাণ করার প্রস্তাব করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, কারেন্টের বাজারের ১৭টি স্ট্যান্ড লাইট সরবরাহ ও মজুরী বিল বাবদ সর্বমোট = ২৩,৫০০/- (তেইশ হাজার পাঁচশত) টাকার বিল উপজেলা হাট-বাজার তহবিলের ১০% হতে পরিশোধ করার প্রস্তাব করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, ১৪৩১ বাংলা সনে নৌকাঘাট/ফেরিঘাট ইজারালব্ধ আয়ের অর্থায়নে (৯৯% অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমাকৃত) হাওর ভিউ ক্যাফে সংস্কার করার প্রস্তাব করেন। | অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৫। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ভবন নির্মান ও বাউন্ডারী ওয়াল নির্মান এবং ইইউসিপি-২ প্রকল্পের আওতায় সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হল রুম নির্মান কাজসহ সকল নির্মান কাজ ক্রুটিমুক্তভাবে করার বিষয়টি নিশ্চিত করণে সার্বিক মনিটরিং করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৬। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনসহ বাউন্ডারী ওয়াল সংস্কার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এসংক্রান্ত ২ লক্ষ টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। প্রকল্পটি পিআইসি পদ্ধতিতে বাস্তবায়নের পরবর্তী কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৭। কারেন্টের বাজারের ১৭টি স্ট্যান্ড লাইট সরবরাহ ও মজুরী বিল বাবদ সর্বমোট = ২৩,৫০০/- (তেইশ হাজার পাঁচশত) টাকার বিল উপজেলা হাট-বাজার তহবিলের ১০% হতে পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তী কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৮। পরবর্তী সভা হতে এ উপজেলার সকল নির্মাণ ও সংস্কার কাজের তথ্যাদি সম্বলিত পূর্নাঙ্গ প্রতিবেদন আবশ্যিকভাবে উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৯। ১৪৩১ বাংলা সনে নৌকাঘাট/ফেরিঘাট ইজারালব্ধ আয়ের অর্থায়নে (৯৯% অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমাকৃত) হাওর ভিউ ক্যাফে সংস্কার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এসংক্রান্ত = ৩,১৬,২৭৬/- টাকার প্রাক্কলন করার সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। পরবর্তী কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>১০। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পার্শ্বে সম্প্রসারিত অংশে কাটা তারের বেড়া নির্মাণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এসংক্রান্ত ২ লক্ষ টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। প্রকল্পটি পিআইসি পদ্ধতিতে বাস্তবায়নের পরবর্তী কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | **উপজেলা নির্বাহী অফিসার জানান,** পরবর্তী সভা হতে এ উপজেলার সকল নির্মাণ ও সংস্কার কাজের তথ্যাদি সম্বলিত পূর্নাঙ্গ প্রতিবেদন আবশ্যিকভাবে উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | | |
| উপজেলা কৃষি বিভাগ | **উপজেলা কৃষি কর্মকর্তা জানান,** দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। খরিপ-২/আমন ধান ৮৭৭১ হেক্টর আবাদ হয়েছিল; এখন কর্তন চলমান। ২০২৪-২৫ অর্থ বছরে আসন্ন রবি মৌসুমে বীজ বপন ও সঠিক বয়সের চারা বপন নিশ্চিত করার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষণিক কৃষকদেরকে পরামর্শ প্রদান করছেন। এছাড়াও ২০২৪-২৫ অর্থ বছরে তেল ফসল উৎপাদন বৃদ্ধির জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষণিক কৃষকদেরকে পরামর্শ প্রদান করছেন।<br><br>**উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান,** ভর্তুকী মূল্যে যেসকল হারভেস্টার,রিপার ও পাওয়ার টিলার মেশিন বিতরণ করা হয়েছিল সেকল মেশিন সঠিকভাবে ব্যবহার হচ্ছে কিনা তা তদারকি করার জন্য উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। ২০২৪-২৫ অর্থ বছরে আসন্ন রবি মৌসুমে বীজ বপন ও সঠিক বয়সের চারা বপন নিশ্চিত করণ এবং তেল ফসল উৎপাদন বৃদ্ধির জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কর্তৃক কৃষকদেরকে সঠিক পরামর্শ প্রদানের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। ভর্তুকী মূল্যে যেসকল হারভেস্টার,রিপার ও পাওয়ার টিলার মেশিন বিতরণ করা হয়েছিল সেকল মেশিন সঠিকভাবে ব্যবহার হচ্ছে কিনা তা তদারকি করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান,** দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে।<br>জরুরী বিভাগ:<br>মোট রোগী ভর্তি ৮৫৭ জন,রেফার ৪৭ জন,জরুরী চিকিৎসা ৩৬৯জন<br>বহি:বিভাগ:<br>সাধারণ বহি:বিভাগ ৮৬৮৯ জন,কমিউনিটি আই সেন্টার ১৮৭ জন,এনসিডি কর্ণার ৭৭জন,এএনসি/পিএনসি কর্ণার ২৪৬জন,এডুলেসেন্ট কর্ণার ৪৭২জন<br>সর্বমোট রোগী: ১০,৯৪৪ জন।<br>**তিনি আরো জানান,** জরায়ু মুখে ক্যান্সার প্রতিরোধক ভ্যাকসিন প্রদান কার্যক্রমে উপজেলার মোট ০৫টি মাদ্রাসা রেজিস্ট্রেশন করতে নিরুৎসাহিত। উক্ত মাদ্রাসায় অধ্যয়নত শিক্ষার্থীদেরকে রেজিস্ট্রেশন ও ভ্যাকসিনের আওতায় আনার জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করাসহ জরুরী বিভাগ ও বহি: বিভাগে আগত/ভর্তিকৃত রোগীদেরকে মানসম্মত চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। জরায়ু মুখে ক্যান্সার প্রতিরোধক ভ্যাকসিন প্রদান কার্যক্রমে কাপনা,সিরাজপুর বাগগাও,হাজী আপ্তাব আমেনা,সাতগাও,পাঁচগাও এমদাদুল উলুম মাদ্রাসা গুলোকে রেজিস্ট্রেশনের আওতায় আনার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান,** দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়াও পরিবার পরিকল্পনা দপ্তরের কর্মীদেরকে তাদিগ দেয়া হয়েছে।<br>চলতি মাসের কার্যক্রম:<br>স্যাটেলাইট ক্লিনিক ৮টি,আশ্রয়ন প্রকল্প ১১টি,স্থায়ী ও দীর্ঘমেয়াদী ক্যাম্প ২টি,আইইউডি ক্যাম্প ২টি,মা ও শিশু সমাবেশ ২টি এএনসি/পিএনসি২টি,উঠান বৈঠক ৬টি।<br><br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,**আশ্রয়ন প্রকল্পভূক্ত পরিবার পরিকল্পনার সেবার মান আরো বাড়ানোর লক্ষ্যে কর্মীদেরকে তাদিগ দেয়ার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। স্যাটেলাইট ক্লিনিক,আশ্রয়ন প্রকল্প,স্থায়ী ও দীর্ঘমেয়াদী ক্যাম্প,আইইউডি ক্যাম্প,মা ও শিশু সমাবেশ এএনসি/পিএনসি,উঠান বৈঠক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। আশ্রয়ন প্রকল্পগুলোতে পরিবার পরিকল্পনার সেবার মান আরো বাড়ানোর লক্ষ্যে কর্মীদেরকে তাদিগ দেয়ার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | **উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান,** বিশ্বম্ভরপুর প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারী হাসপাতাল কর্তৃক নিম্নবর্ণিত সেবা প্রদান করা হয়;<br>**চলতি মাসের কার্যক্রম:**<br>সরকার নির্ধারিত মূল্যে<br>গবাদি পশু-পাখির চিকিৎসা<br>সরকারি সেবামূল্যে<br>গবাদি পশুর কৃত্রিম প্রজনন,গবাদি পশুর টিকা,হাঁস মুরগির টিকাদান<br>বিনামূল্যে<br>কৃষক/খামারী প্রশিক্ষণ প্রদান<br>দুর্যোগকালীন জরুরী সেবা প্রদান<br>উন্নত জাতের ঘাসের কাটিং বিতরন<br>ফ্রি ভেটেরিনারী মেডিকেল ক্যাম্প<br>খামার পরিদর্শন,উঠান বৈঠক<br>সরকার নির্ধারিত মূল্যে<br>খামার নিবন্ধন কার্যক্রম চলমান<br>বর্ণিত সেবাসমুহ দপ্তর ও মাঠ পর্যায়ে প্রদান করা হচ্ছে। | সরকার নির্ধারিত সেবামুল্যে ও বিনামুল্যে গবাদি পশু-পাখির চিকিৎসা, গবাদি পশুর কৃত্রিম প্রজনন,গবাদি পশুর টিকা,হাঁসমুরগির টিকাদান, কৃষক/খামারী প্রশিক্ষণ প্রদান,দুর্যোগকালীন জরুরী সেবা প্রদান,উন্নত জাতের ঘাসের কাটিং বিতরন,ফ্রি ভেটেরিনারী মেডিকেল ক্যাম্প,খামার পরিদর্শন,উঠান বৈঠক,খামার নিবন্ধন কার্যক্রম বর্ণিত সেবাসমুহ বিশ্বম্ভরপুর প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারী হাসপাতাল কর্তৃক দপ্তর ও মাঠ পর্যায়ে নিয়মিতভাবে প্রদানের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা সমবায় বিভাগ | **উপজেলা সমবায় কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>**-: চলতি মাসের কার্যক্রম:-**<br>**সমবায় সমিতি নিবন্ধন:** হাল সনে ০২টি সমিতি নিবন্ধন করা হয়েছে। মোট নিবন্ধনকৃত সমিতি ৫১টি।<br>**অডিট:** ২০২৩-২৪ অডিট বর্ষে ৪৯টি সমিতির মধ্যে ২৫টি সমিতির অডিট সম্পাদন হয়েছে।<br>**অকার্যকর সমিতি:** ০৬টি অকার্যকর সমিতির নিবন্ধন বাতিলের জন্য জেলা সমবায় অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।<br>**সমবায় সমিতি নির্বাচন:** সমবায় সমিতির নির্বাচন প্রক্রিয়া এবং অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ প্রক্রিয়া অব্যাহত রয়েছে।<br>**তিনি আরো জানান**, সমবায়ে গড়ব দেশ বৈষম্যহীন বাংলাদেশ প্রতিপাদ্যকে সমানে রেখে ০২ নভেম্বর ৫৩তম জাতীয় সমবায় দিবস পালিত হবে।<br>**তিনি আরো জানান**, জনগুরুত্বপূর্ণ ০৩টি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি দীর্ঘদিন ধরে অকার্যকর ছিল;বর্তমানে সচল করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ০৩টি রাবারড্যাম এর মধ্যে ২টিতে কমিটি দেয়া হয়েছে; ০১টিতে কমিটি দেয়ার কাজ চলমান।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, গরুর দুধ বাজারজাত করণে প্রান্তিক চাষীগণ যেন সঠিক মূল্য পায় সে লক্ষ্যে সমবায় সমিতি গঠনের অগ্রগতি বিষয়ে উপজেলা সমবায় কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা সমবায় কর্মকর্তা জানান**, সমবায় সমিতি গঠনে একটি নির্দিষ্ট সদস্য সংখ্যা বিশিষ্ট হতে হবে; মূল সমস্যা হচ্ছে প্রান্তিক চাষীগণ বিভিন্ন গ্রামের। | ০১। ৫৩ তম জাতীয় সমবায় দিবস পালন,দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও ০১টি রাবারড্যাম এর কমিটি প্রদানের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। গরুর দুধ বাজারজাত করণে প্রান্তিক চাষীগণ যেন সঠিক মূল্য পায় সে লক্ষ্যে উদ্বুদ্ধকরণ সভা করে সমবায় সমিতি গঠনের পুনঃ সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। সমবায় সমিতি নিবন্ধন,১০০% অডিট সম্পাদন, অকার্যকর সমিতির নিবন্ধন বাতিল এবং সমবায় সমিতি নির্বাচনসহ অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ প্রক্রিয়া নীতিমালা মোতাবেক সম্পাদন করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | তাদের একত্রিকরণ করা একটা চ্যালেঞ্জ। যতদ্রুত সম্ভব প্রান্তিক চাষীগণকে একত্রিত সমবায় সমতি গঠনের উদ্যোগ গ্রহণ করা হবে। | | |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা প্রাথমিক বিভাগ | **উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>**-: চলতি মাসের কার্যক্রম:-**<br>**এডহক কমিটি:** মোট ৭৩টি এডহক কমিটি গঠন করা হয়েছে। জটিলতা থাকায় ৫টি বিদ্যালয়ে এডহক কমিটি গঠন যাচাই বাছাই চলছে।<br>**স্লিপ:** ২০২৩-২৪ অর্থ বছরে ৭৮টি বিদ্যালয়ে স্লিপ বরাদ্দের ১ম কিস্তি পাওয়া গেছে। প্ল্যান প্রণয়নের কাজ চলমান।<br>**ইমারজেন্সি ইন এডুকেশন:** ২০২৩-২৪ অর্থ বছরে ১৬টি বিদ্যালয়ে ইমারজেন্সি ইন এডুকেশন এর বরাদ্দ পাওয়া গেছে। প্রাক্কলন প্রস্তুত চলমান।<br>**উপজেলা নির্বাহী অফিসার** জানান, দুর্গাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণি কক্ষের সঙ্কট। সঙ্কট নিরসনে ০১টি টিনশেড ভবন নির্মাণের লক্ষে প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন এবং অনুমোদন গ্রহণের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন ও অন্যান্য কাগজপত্রসহ মন্ত্রণালয়ে প্রস্তাবনা প্রেরণের জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। ০৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এডহক কমিটি গঠন,স্লিপবরাদ্দের প্ল্যান প্রণয়ন, ইমারজেন্সি ইন এডুকেশন এর প্রাক্কলন প্রস্তুতসহ বাস্তবায়ন কার্যক্রম নীতিমালা মোতাবেক সম্পাদন করার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। দুর্গাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণি কক্ষের সঙ্কট নিরসনে ০১টি টিনশেড ভবন নির্মাণের লক্ষে প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয় এবং অনুমোদন গ্রহণের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন ও অন্যান্য কাগজপত্রসহ মন্ত্রণালয়ে প্রস্তাবনা প্রেরণের জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা প্রকৌশলী |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা বিভাগ | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান**, অত্র দপ্তর কর্তৃক চলতি মাসে নিম্নবর্ণিত কার্যক্রম সম্পন্ন ও চলমান রয়েছে:<br>**চলতি মাসের কার্যক্রম:**<br>প্রতিবন্ধি ভাতা কার্যক্রম,রোগী কল্যান সমিতি কার্যক্রম,আরএসএস কার্যক্রম,আরএমসি,দক্ষ ও প্রতিবন্ধি কার্যক্রম, সুবর্ন কার্ড কার্যক্রম,হিজরা ভাতা কার্যক্রম,বেদে ভাতা কার্যক্রম,এনজিও সংক্রান্ত কার্যক্রম,আর্থিক সাহায্য কার্যক্রম,ভিক্ষুক পুনর্বসিন কার্যক্রম,শিক্ষা উপবৃত্তি কার্যক্রম,স্বেচ্ছাসেবী সমাজকল্যান সংস্থার রেজিস্ট্রেশন কার্যক্রম,এতিমখানা রেজিস্ট্রেশন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। বয়স্ক,বিধবা ভাতার নতুন কোন বরাদ্দ পাওয়া যায়নি। বয়স্ক,বিধবা ,প্রতিবন্ধি ভাতা ভোগী ১০,৮৯১ জন। ১ম কিস্তির পেরোলভুক্ত: ১০৮৩৮ জন,অবশিষ্ট ৫৩ জন মৃত। এদেরকে প্রতিস্থাপন করে পরবর্তী পেরোলে সমন্বয় করা হবে। | ০১। উপজেলা সমাজসেবা দপ্তর কর্তৃক প্রতিবন্ধি ভাতা কার্যক্রম,রোগী কল্যান সমিতি কার্যক্রম,আরএসএস কার্যক্রম,আরএমসি,দক্ষ ও প্রতিবন্ধি কার্যক্রম, সুবর্ন কার্ড কার্যক্রম,হিজরা ভাতা কার্যক্রম,বেদে ভাতা কার্যক্রম,এনজিও সংক্রান্ত কার্যক্রম,আর্থিক সাহায্য কার্যক্রম,ভিক্ষুক পুনর্বসিন কার্যক্রম,শিক্ষা উপবৃত্তি কার্যক্রম,স্বেচ্ছাসেবী সমাজকল্যান সংস্থার রেজিস্ট্রেশন কার্যক্রম,এতিমখানা রেজিস্ট্রেশন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। বয়স্ক,বিধবা,প্রতিবন্ধি ভাতার প্রতিস্থাপনযোগ্য ৫৩ জন বাছাই করে পরবর্তী পেরোলে সমন্বয় করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | **সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। চলতি মাসে জিওবি-এডিবি প্রকল্পের ৭২টি সাব-মার্সিবল নলকূপ পরিদর্শন করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও জিওবি-এডিবি প্রকল্পের সাব-মার্সিবল নলকূপ নিয়মিত পরিদর্শন করার জন্য সহঃ প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করা হয়। | সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা** জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>**চলতি মাসের কার্যক্রম:**<br>**প্রশিক্ষণ:** বিভিন্ন ট্রেডে ১২০ জনকে ভ্রাম্যমান প্রশিক্ষণ | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, ক্রমপুঞ্জিত ও চলমান ঋণ আদায়ের হার বৃদ্ধিসহ খেলাপী ঋণ আদায়ে জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | দেয়া হয়েছে।<br>**ঋণ আদায়**: চলমান আদায়যোগ্য টাকা = ৩৭,৬০০/-<br>চলমান আদায়কৃত টাকা = ২৪,২৬০/-<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত টাকা = ৬২,৪১,,০৮০/-<br>ঋণ খেলাপীকৃত টাকা = ২২,৮৯,৯০২/-<br>ক্রমপুঞ্জিত আদায়ের হার ৭৫%<br>চলমান আদায়ের হার ৬৫% | | |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান**, দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে।<br>চলতি মাসের কার্যক্রম:<br>ভিডব্লিউবি: ২০২৩-২৪ চক্রের নভেম্বর/২৪ মাসের মোট উপকারভোগী ২২৬৩ জন,পুষ্টি চাল বরাদ্দ: ৬৭.৮৯০ মে:টন।<br>মা ও শিশু সহায়তা: নভেম্বর/২৪ মাসের বরাদ্দ অনুযায়ী ০৯ জন করে ১ম/২য় গর্ভবতী মাকে সহায়তা দেয়া হবে।<br>কিশোর কিশোরী ক্লাব স্থাপন: মোট ০৫টি ক্লাবে ক্লাশ ও আবৃত্তি,সঙ্গীত ক্লাশ চলমান।<br>এপিসি প্রকল্প: এপিসি প্রকল্পের আওতায় ২৫টি শিশু ও কিশোর কিশোরী হাবের সেশন চলমান।<br>ঋণকার্যক্রম: মোট ৭,২৯,৩০৪.৫৮ টাকা আদায় করা হয়েছে। ঋণ বিতরণ কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br>বেগম রোকেয়া দিবস: ০৫টি ক্যাটাগরিতে জয়িতা অন্বেষণে বাংলাদেশ জয়িতা নির্বাচনের জন্য আবেদন আহবান করা হয়েছে।<br>উঠান বৈঠক: নারী নির্যাতন প্রতিরোধ,বাল্য বিবাহ নিরোধ,যৌতুক নিরোধ,নারী ও শিশু পাচার রোধ,মাদক ও তামাক জাত দ্রব্য সেবন বন্ধে উঠান বৈঠক চলমান।<br>এছাড়াও—স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। | ১। ভিডব্লিউবি,মা ও শিশু সহায়তা, কিশোর কিশোরী ক্লাব স্থাপন, এপিসি প্রকল্প, ঋণ কার্যক্রম, উঠান বৈঠক কার্যক্রম নীতিমালা অনুযায়ী পরিচালনার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরেধ করা হয়।<br>০২। ০৫টি ক্যাটাগরিতে জয়িতা অন্বেষণে বাংলাদেশ শীর্ষক কর্মসূচির আওতায় জয়িতা নির্বাচন প্রক্রিয়া নীতিমালা অনুযায়ী পরিচালনার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরেধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা পরিবেশ ও বন বিভাগ | **বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিট জানান**, করাতকল স্থাপনের পূর্বেই সরকারি রাজস্ব জমা করে লাইসেন্স গ্রহণ করার বিধান থাকা সত্ত্বেও অনেকেই বিধান লঙ্ঘন করে করাত কল স্থাপন করেছে। এছাড়াও লাইসেন্স প্রাপ্ত করাতকলের প্রতি বছর লাইসেন্স নবায়নের জন্য সরকারি ফি জমা দেয়ার বিধান থাকা সত্ত্বেও অনেকেই বিধান লঙ্ঘন করে করাত কল চালু রাখছে।<br>**বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিট জানান**, শক্তিয়ারখলা বিট অফিসের জায়গায় কতিপয় লোক অবৈধভাবে দোকান ঘর নির্মাণ করে ব্যবসা পরিচালনা করছে। অবৈধ স্থাপনা উচ্ছেদসহ জবর দখলকৃত ভূমি পুনরুদ্ধারের জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিট জানান**, বন বিভাগের জবর দখলকৃত ভূমি পুনরুদ্ধারের জন্য বিভিন্ন প্রক্রিয়া চলমান। বিষয়টি অত্যন্ত স্পর্শকাতর বিষয় হওয়ায় সুনামগঞ্জ রেঞ্জের অধীন শক্তিয়ারখলা বিটের আওতায় ৫৪৪৯ একর বেদখলকৃত ভূমি উদ্ধারের জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। শক্তিয়ারখলা বিটের মালিকানাধীন জায়গায় অবৈধ দোকান ঘর/স্থাপনা উচ্ছেদসহ বেদখলকৃত ভূমি উদ্ধারের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। সুনামগঞ্জ রেঞ্জের অধীন শক্তিয়ারখলা বিটের আওতায় বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে স্থাপিত ও পরিচালিত করাতকল পরিদর্শন করে অবৈধভাবে স্থাপিত লাইসেন্সবিহীন কিংবা লাইসেন্স নবায়ন ফি প্রদানে ব্যর্থ করাতকল বন্ধ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | বিট কর্মকর্তা শক্তিয়ারখলা |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | **শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান**, ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>-:চলতি মাসের কার্যক্রম:-<br>ক্ষুদ্র ঋণ: আদায় ১৫ লক্ষ, বিতরণ ৭ লক্ষ<br>এস এম ই ঋণ: আদায় ২০ লক্ষ, বিতরণ ১৮ লক্ষ<br>পিএসবি ঋণ: আদায় ১৮ লক্ষ, বিতরণ ২৫ লক্ষ | ক্ষুদ্র ঋণ,এস এম ই ঋণ, পিএসবি ঋণ, কর্মসৃজন ঋণ, পিএসবি মাসিক সঞ্চয় স্কীম, স্কুল ব্যাংকিং সঞ্চয় স্কীম কার্যক্রম পরিচালনাসহ খেলাপী ঋন আদায়ে জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |

| | | | |
|---|---|---|---|
| | **পিএসবি মাসিক সঞ্চয়**: আদায় ১০ হাজার<br>**স্কুল ব্যাংকিং সঞ্চয়**: আদায় ২ হাজার<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, খেলাপী ঋন আদায়ে জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শাখা ব্যবস্থাপক এর দৃষ্টি আকর্ষণ করেন। | | |
| নিরাপদ খাদ্য নিশ্চিকরণ | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা অত্যন্ত জরুরী। মাঠ পর্যায়ে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান**, ওএমএস ডিলার এর শুন্য পদে ডিলার নিয়োগ কার্যক্রমের উদ্যোগ গ্রহণের জন্য সভায় দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপনন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করনে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। বাজারে বাজারে নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে মিল,গোদাম পরিদর্শন,বাজার মনিটরিং মজুদ/ভেজাল মজুদ বিরোধী অভিযান পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।<br>০৩। ওএমএস ডিলার এর শুন্য পদে ডিলার নিয়োগ কার্যক্রমের উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>ও<br>চেয়ারম্যান সকল ইউপি |
| | বিবিধ | | |
| | *ক. <u>উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ও বিভিন্ন বিল অনুমোদন/পরিশোধ প্রসঙ্গে:</u>*<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, অক্টোবর-২০২৪ মাসের উপজেলা পরিষদ এর দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল,আনুষাঙ্গিক বিল,আপ্যায়ন বিল,নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল বাবদ=৪৮,১১৭/-,উপজেলা পরিষদের জুন-২৪ হতে সেপ্টেম্বর-২৪ মোট ০৪ মাসের বিদ্যুত বিল বাবাদ =২,১৯,৮৬৫/- উপজেলা পরিষদ প্রশাসক কার্যালয়ে পিভিসি সিলিং বাবদ=২৫,০০০/-,উপজেলা পরিষদ প্রশাসকের কার্যালয়ে ওয়ারিং কাজ,প্রয়োজনীয় ইলেকট্রিক সরঞ্জামাদি সরবরাহ বাবদ =১৫,০০০/- টাকা, উপজেলা আনসার ক্যাম্প এর অক্টোবর-২০২৪ মাসের জ্বালানী বিল বাবদ =৩৪০০/- টাকা,পলাশ বাজারে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের আর্থিক সহায়তা বাববদ =৪১,৩০০/- টাকা, জেলা কমান্ড্যান্ট,আনসার ও ভিডিপি সুনামগঞ্জ এর টেলিফোনিক নির্দেশে ডলুরা ক্যাম্পে ১০ জন আনসার সদস্য ২২/১০/২০২৪ তারিখ মোট ০১ দিনের মোতায়েন বাবদ ৪৮৫০/- টাকার বিল অনুমোদনপূর্বক পরিশোধের জন্য সভায় প্রস্তাব করেন।<br>খ. <u>স্ব-স্ব দপ্তরের আওতাধীন চলমান কার্যক্রমের উপর সুনির্দিষ্ট তথ্য সম্বলিত পূর্নাঙ্গ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে:</u><br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে অন্তর্ভূক্তির লক্ষ্যে স্ব-স্ব দপ্তরের চলমান কার্যক্রমের উপর সুনির্দিষ্ট তথ্য সম্বলিত পূর্নাঙ্গ প্রতিবেদন প্রেরণ না করায় মানসম্মত কার্যবিবরণী প্রস্তুত করা সম্ভব হচ্ছেনা।এছাড়াও উপজেলা পরিষদে হস্তান্তরিত দপ্তরসমূহের কার্যক্রম সম্পর্কে কোন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হচ্ছেনা; ফলশ্রুতিতে সূত্রে বর্ণিত স্মারকে উপজেলা পরিষদে হস্তান্তরিত দপ্তরসমূহের কর্মকর্তাগণের **Charter of Duties** নিশ্চিত করা যাচ্ছেনা। | ক. অক্টোবর-২০২৪ মাসের উপজেলা পরিষদ এর দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল,আনুষাঙ্গিক বিল,আপ্যায়ন বিল,নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল বাবদ=৪৮,১১৭/-,উপজেলা পরিষদের জুন-২৪ হতে সেপ্টেম্বর-২৪ মোট ০৪ মাসের বিদ্যুত বিল বাবাদ =২,১৯,৮৬৫/- উপজেলা পরিষদ প্রশাসক কার্যালয়ে পিভিসি সিলিং বাবদ=২৫,০০০/-,উপজেলা পরিষদ প্রশাসকের কার্যালয়ে ওয়ারিং কাজ/প্রয়োজনীয় ইলেকট্রিক সরঞ্জামাদি সরবরাহ বাবদ =১৫,০০০/-টাকা, উপজেলা আনসার ক্যাম্প এর অক্টোবর-২০২৪ মাসের জ্বালানী বিল বাবদ =৩৪০০/- টাকা,পলাশ বাজারে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের আর্থিক সহায়তা বাববদ =৪১,৩০০/- টাকা,জেলা কমান্ড্যান্ট,আনসার ও ভিডিপি সুনামগঞ্জ এর টেলিফোনিক নির্দেশে ডলুরা ক্যাম্পে ১০ জন আনসার সদস্য ২২/১০/২০২৪ তারিখ মোট ০১ দিনের মোতায়েন বাবদ ৪৮৫০/- টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>খ. উপজেলা পরিষদে হস্তান্তরিত দপ্তরসমূহের কার্যক্রম সম্পর্কে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ ও কর্মকর্তাগণের **Charter of Duties** নিশ্চিতকরণসহ মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে অন্তর্ভূক্তির লক্ষ্যে স্ব-স্ব দপ্তরের আওতাধীন চলমান কার্যক্রমের উপর সুনির্দিষ্ট তথ্য সম্বলিত পূর্নাঙ্গ প্রতিবেদন <u>প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে</u> উপজেলা পরিষদ প্রশাসকের দপ্তরে আবশ্যিকভাবে প্রেরণের জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মফিজুর রহমান)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক নিয়মিত সাধারণ সভা
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

স্মারক নং- ৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০০৩.২৪- ৫৯

তারিখ: ৩১-১০-২০২৪ খ্রি:

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

অনুলিপি: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০৬। উপজেলা................................................ কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
০৭। চেয়ারম্যান, সলুকাবাদ, পলাশ, ধনপুর, বাদাঘাট দ:, ফতেপুর, ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
০৮। জনাব............................................................।
০৯। অফিস কপি।

(মফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
তারিখ: ৩১-১০-২০২৪ খ্রি:

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

[[ উপজেলা পরিষদের **নভেম্বর-২০২৪** মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ]]

সভাপতি : জনাব মফিজুর রহমান,প্রশাসক,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

সভার তারিখ : ২০-১১-২০২৪ খ্রিঃ

সভার সময় : ১২.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্য-কে স্বাগত জানিয়ে কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত কর্মকর্তা/সদস্যকে স্ব-স্ব দপ্তরের চলমান গুরুত্বপূর্ণ কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন এবং প্রতিবন্ধকতা থাকলে উত্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যবৃন্দের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় উপস্থাপিত উপজেলা পরিষদের **অক্টোবর**-২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | **অক্টোবর**-২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা করা হয়। অগ্রগতি সন্তোষজনক। | **অক্টোবর**-২০২৪ মাসের মাসিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| বিভাগীয় কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ। | সভায় উত্থাপনযোগ্য সুপারিশসমূহ বিভাগ ভিত্তিক আলোচনায় উপস্থাপন করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| | বিভাগ ভিত্তিক আলোচনা | | |
| আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য অফিসার ইনচার্জ,বিশ্বম্ভরপুর থানা-কে অনুরোধ করা হয়। | অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |
| উপজেলা প্রকৌশল বিভাগ | **উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি** জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।<br>তিনি আরো জানান, ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি ১ম ও ২য় কিস্তির অর্থায়নে গৃহীত প্রকল্প তালিকা **(পরিশিষ্ট খ-তে সংযুক্ত)** অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>**চেয়ারম্যান,বাদাঘাট দঃ ইউপি** জানান, বিশ্বম্ভরপুর-শক্তিয়ারখলা বাজার রাস্তার কাজে নিম্নমানের উপকরণ ব্যবহার করা হচ্ছে। রাস্তার কাজে পানি দেওয়া হচ্ছেনা। ফলে ধূলোবালিতে জনজীবন অতিষ্ঠ হয়ে পড়েছে;পথচারীবৃন্দ বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে মর্মে নানাবিধ অভিযোগ আসছে। এ বিষয়ে তিনি উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার** জানান, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে হাওর ভিউ ক্যাফে সংস্কার করার প্রস্তাব করেন। | ০১। ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি ১ম ও ২য় কিস্তির অর্থায়নে গৃহীত প্রকল্প তালিকা **(পরিশিষ্ট খ-তে সংযুক্ত)** সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। পরবর্তী কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০২। উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অনুমোদন গ্রহণ করে বিশ্বম্ভরপুর-শক্তিয়ারখলা বাজার রাস্তার কাজের বিল প্রস্তুত/পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত অমান্য করে যিনি বিল প্রস্তুত/পরিশোধ করবেন তিনি ব্যক্তিগতভাবে দায়ী হবেন;এবং তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। গুনগত মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন কাজ নিশ্চিত করণের লক্ষ্যে ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি/রাজস্ব উদ্বৃত্ত অর্থায়নে প্রকল্প গ্রহণ,অনুমোদন কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | **উপজেলা নির্বাহী অফিসার জানান,** উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অনুমোদন গ্রহণ করে বিশ্বম্ভরপুর-শক্তিয়ারখলা বাজার রাস্তার কাজের বিল প্রস্তুত/পরিশোধ করার জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় এ উপজেলার সকল নির্মাণ ও সংস্কার কাজের তথ্যাদি সম্বলিত পূর্নাঙ্গ প্রতিবেদন আবশ্যিকভাবে উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | ০৪। এ উপজেলার সকল নির্মাণ ও সংস্কার কাজের তথ্যাদি সম্বলিত পূর্নাঙ্গ প্রতিবেদন উপস্থাপন করায় উপজেলা প্রকৌশলীকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং এধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৫। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে হাওর ভিউ ক্যাফে সংস্কার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এসংক্রান্ত = ২,২০,০০০/- টাকার প্রাক্কলন করার সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। পরবর্তী কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা কৃষি বিভাগ | **উপজেলা কৃষি কর্মকর্তা জানান,** দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। ২০২৪-২৫ অর্থ বছরে আসন্ন রবি মৌসুমে বীজ বপন ও সঠিক বয়সের চারা বপন নিশ্চিত করার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষণিক কৃষকদেরকে পরামর্শ প্রদান করছেন। এছাড়াও ২০২৪-২৫ অর্থ বছরে তেল ফসল উৎপাদন বৃদ্ধির জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষণিক কৃষকদেরকে পরামর্শ প্রদান করছেন।<br><br>**উপজেলা কৃষি কর্মকর্তা জানান,** এ উপজেলায় কৃষকদের চাহিদার তুলনায় হাইব্রীড বীজের বরাদ্দ অপ্রতুল। বরাদ্দ বৃদ্ধির জন্য জেলা কৃষি অফিসার বরাবর পত্র প্রেরণের প্রস্তাব করেন। | ০১। ২০২৪-২৫ অর্থ বছরে আসন্ন রবি মৌসুমে বীজ বপন ও সঠিক বয়সের চারা বপন নিশ্চিত করণ এবং তেল ফসল উৎপাদন বৃদ্ধির জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কর্তৃক কৃষকদেরকে সঠিক পরামর্শ প্রদানের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। কৃষকদের চাহিদার তুলনায় হাইব্রীড বীজের বরাদ্দ অপ্রতুল থাকায় বরাদ্দ বৃদ্ধির জন্য জেলা কৃষি অফিসার বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান,** দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।<br>**জরুরী বিভাগ:**<br>মোট রোগী ভর্তি ৬৮৩ জন,রেফার ২৭ জন,জরুরী চিকিৎসা ২৮১জন<br>**বহি:বিভাগ:**<br>সাধারণ বহি:বিভাগ ৭৪৬৮ জন,কমিউনিটি আই সেন্টার ২২২ জন,এনসিডি কর্ণার ১১১১ জন,এএনসি/পিএনসি কর্ণার ৩২৫ জন,এডুলেসেন্ট কর্ণার ৩৮১ জন<br>**সর্বমোট রোগী: ১০৪৯৮ জন।** | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করাসহ জরুরী বিভাগ ও বহি: বিভাগে আগত/ভর্তিকৃত রোগীদেরকে মানসম্মত চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান,** দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়াও পরিবার পরিকল্পনা দপ্তরের কর্মীদেরকে তাদিগ দেয়া হয়েছে।<br>চলতি মাসের কার্যক্রম:<br>স্যাটেলাইট ক্লিনিক ৮টি,আশ্রয়ন প্রকল্প ১১টি,স্থায়ী ও দীর্ঘমেয়াদী ক্যাম্প ২টি,আইইউডি ক্যাম্প ২টি,মা ও শিশু সমাবেশ ২টি এএনসি/পিএনসি ২টি,উঠান বৈঠক ৬টি।<br><br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** আশ্রয়ন প্রকল্পভুক্ত পরিবার পরিকল্পনার সেবার মান আরো বাড়ানোর লক্ষ্যে কর্মীদেরকে তাদিগ দেয়ার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। স্যাটেলাইট ক্লিনিক,আশ্রয়ন প্রকল্প,স্থায়ী ও দীর্ঘমেয়াদী ক্যাম্প,আইইউডি ক্যাম্প,মা ও শিশু সমাবেশ এএনসি/পিএনসি,উঠান বৈঠক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। আশ্রয়ন প্রকল্পগুলোতে পরিবার পরিকল্পনার সেবার মান আরো বাড়ানোর লক্ষ্যে কর্মীদেরকে তাদিগ দেয়ার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর |
| উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | **উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান,** বিশ্বম্ভরপুর | সরকার নির্ধারিত সেবামুল্যে ও বিনামুল্যে গবাদি | উপজেলা |

| | | | |
|---|---|---|---|
| | নিম্নবর্ণিত সেবা প্রদান করা হয়:<br>**চলতি মাসের কার্যক্রম:**<br>সরকার নির্ধারিত মুল্যে<br>গবাদি পশু-পাখির চিকিৎসা<br>সরকারি সেবামুল্যে<br>গবাদি পশুর কৃত্রিম প্রজনন,গবাদি পশুর টিকা,হাঁস মুরগির টিকাদান<br>বিনামুল্যে<br>কৃষক/খামারী প্রশিক্ষণ প্রদান<br>দুর্যোগকালীন জরুরী সেবা প্রদান<br>উন্নত জাতের ঘাসের কাটিং বিতরন<br>ফ্রি ভেটেরিনারী মেডিকেল ক্যাম্প<br>খামার পরিদর্শন,উঠান বৈঠক<br>সরকার নির্ধারিত মুল্যে<br>খামার নিবন্ধন কার্যক্রম চলমান<br>বর্ণিত সেবাসমুহ দপ্তর ও মাঠ পর্যায়ে প্রদান করা হচ্ছে। | প্রজনন,গবাদি পশুর টিকা,হাঁসমুরগির টিকাদান, কৃষক/খামারী প্রশিক্ষণ প্রদান,দুর্যোগকালীন জরুরী সেবা প্রদান,উন্নত জাতের ঘাসের কাটিং বিতরন,ফ্রি ভেটেরিনারী মেডিকেল ক্যাম্প,খামার পরিদর্শন,উঠান বৈঠক,খামার নিবন্ধন কার্যক্রম বর্ণিত সেবাসমুহ বিশম্ভরপুর প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারী হাসপাতাল কর্তৃক দপ্তর ও মাঠ পর্যায়ে নিয়মিতভাবে প্রদানের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, বিআরডিবি হতে স্বল্প সুদে ঋণ প্রদানের বিষয়টি বহুল প্রচারের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও খেলাপী ঋণ আদায়ের হার বৃদ্ধিসহ ঋণ গ্রহণের গ্রাহক বৃদ্ধির জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। বিআরডিবি হতে স্বল্প সুদে ঋণ প্রদানের বিষয়টি বহুল প্রচারসহ খেলাপী ঋণ আদায়ের হার বৃদ্ধি/ঋণ গ্রহণের গ্রাহক বৃদ্ধির জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা সমবায় বিভাগ | **উপজেলা সমবায় কর্মকর্তা** জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>-: চলতি মাসের কার্যক্রম:-<br>সমবায় সমিতি নিবন্ধন: হাল সনে ০২টি সমিতি নিবন্ধন করা হয়েছে। মোট নিবন্ধনকৃত সমিতি ৫১টি।<br>অডিট: ২০২৩-২৪ অডিট বর্ষে ৪৯টি সমিতির মধ্যে ৩৩ টি সমিতির অডিট সম্পাদন হয়েছে।<br>অকার্যকর সমিতি: ০৬টি অকার্যকর সমিতির নিবন্ধন বাতিলের জন্য জেলা সমবায় অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। ৫টির নিবন্ধন বাতিল করা হয়েছে।<br>সমবায় সমিতি নির্বাচন: সমবায় সমিতির নির্বাচন প্রক্রিয়া এবং অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ প্রক্রিয়া অব্যাহত রয়েছে।<br>তিনি আরো জানান, জনগুরুত্বপূর্ণ ০৩টি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি দীর্ঘদিন ধরে অকার্যকর ছিল;বর্তমানে সচল করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ০৩টি রাবারড্যাম এর মধ্যে ২টিতে কমিটি দেয়া হয়েছে; ০১টিতে কমিটি দেয়ার কাজ চলমান।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, গরুর দুধ বাজারজাত করণে প্রান্তিক চাষীগণ যেন সঠিক মূল্য পায় সে লক্ষ্যে সমবায় সমিতি গঠনের অগ্রগতি বিষয়ে উপজেলা সমবায় কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা সমবায় কর্মকর্তা** জানান, সমবায় সমিতি গঠনে একটি নির্দিষ্ট সদস্য সংখ্যা বিশিষ্ট হতে হবে; | ০১। গরুর দুধ বাজারজাত করণে প্রান্তিক চাষীগণ যেন সঠিক মূল্য পায় সে লক্ষ্যে উদ্বুদ্ধকরণ সভা করে সমবায় সমিতি গঠনের পুন: সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। সমবায় সমিতি নিবন্ধন,১০০% অডিট সম্পাদন, অকার্যকর সমিতির নিবন্ধন বাতিল এবং সমবায় সমিতি নির্বাচনসহ অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ প্রক্রিয়া নীতিমালা মোতাবেক সম্পাদন করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | তাদের একত্রিকরণ করা একটা চ্যালেঞ্জ। যতদ্রুত সম্ভব প্রান্তিক চাষীগণকে একত্রিত সমবায় সমতি গঠনের উদ্যোগ গ্রহণ করা হবে। | | |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা প্রাথমিক বিভাগ | **উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>-: চলতি মাসের কার্যক্রম:-<br>প্রান্তিক মূল্যায়ন: মোট ৭৮ টি বিদ্যালয়ে ০২/১২/২৪ হতে ১০/১২/২৪ তারিখ পর্যন্ত ৩য় প্রান্তিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। ১২/১২/২৪ তারিখ মা/অভিভাবক সমাবেশের মাধ্যমে ফলাফল ঘোষণা করা হবে।<br>স্লিপ: ২০২৩-২৪ অর্থ বছরে ৭৮টি বিদ্যালয়ে স্লিপ বরাদ্দের ১ম কিস্তি পাওয়া গেছে। প্ল্যান প্রণয়নের কাজ সম্পন্ন হয়েছে।<br>ইমারজেন্সি ইন এডুকেশন: ২০২৩-২৪ অর্থ বছরে ১৬টি বিদ্যালয়ে ইমারজেন্সি ইন এডুকেশন এর বরাদ্দ পাওয়া গেছে। প্রাক্কলন প্রস্তুত সম্পন্ন হয়েছে; কাজ চলমান।<br>শিশু জরিপ: মোট ৭৮ টি বিদ্যালয়ে ১৭/১২/২৪ হতে ৩১/১২/২৪ তারিখ পর্যন্ত শিশু জরিপ তথ্য হালফিল হবে। ভর্তি চলমান থাকবে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, দুর্গাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণি কক্ষের সঙ্কট। সঙ্কট নিরসনে ০১টি টিনশেড ভবন নির্মাণের লক্ষে প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন এবং অনুমোদন গ্রহণের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন ও অন্যান্য কাগজপত্রসহ মন্ত্রণালয়ে প্রস্তাবনা প্রেরণের জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। শিশু জরিপ কার্যক্রম,স্লিপ বরাদ্দ ও ইমারজেন্সি ইন এডুকেশন এর বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্পসমুহের কার্যক্রম নীতিমালা মোতাবেক সম্পাদন করার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। দুর্গাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণি কক্ষের সঙ্কট নিরসনে ০১টি টিনশেড ভবন নির্মাণের লক্ষে প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয় এবং অনুমোদন গ্রহণের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন ও অন্যান্য কাগজপত্রসহ মন্ত্রণালয়ে প্রস্তাবনা প্রেরণের জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে পুনরায় অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা প্রকৌশলী |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান**, আঞ্চলিক উপপরিচালক,জেলা শিক্ষা অফিস সংক্রান্ত কার্যক্রমসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>-: চলতি মাসের কার্যক্রম:-<br>পাঠ্য পুস্তকের চাহিদা: ২০২৫ সালের ৬ষ্ঠ-১০ম শ্রেণির পাঠ্যপুস্তকের চাহিদা অনলাইনে প্রেরণ করা হয়েছে।<br>শিক্ষার্থী ভর্তি: ২০২৫ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ-১০ম শ্রেণির ভর্তি সংক্রান্ত নির্দেশনা সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে।<br>তদন্ত: বিশ্বম্ভরপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক জনাব আবুল খায়ের এর বিরুদ্ধে তদন্ত কার্যক্রম ২৮/১১/২০২৪ তারিখে সম্পন্ন করা হবে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, মুরারিচাঁদ উচ্চ বিদ্যালয় ও কাপনা দাখিল মাদ্রাসায় পাঠদান কার্যক্রম নিয়মিতভাবে হচ্ছেনা। সার্বিক তদারকির জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**চেয়ারম্যান,বাদাঘাট দঃ ইউপি সভায় জানান**, মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে কোচিং/সেশন ফি যৌক্তিকভাবে নির্ধারণের জন্য সভায় প্রস্তাব করেন। | ০১। মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে কোচিং/সেশন ফি যৌক্তিকভাবে নির্ধারণের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। মুরারিচাঁদ উচ্চ বিদ্যালয় ও কাপনা দাখিল মাদ্রাসার পাঠদান কার্যক্রম নিয়মিতভাবে পরিচালনার বিষয়টি নিশ্চিত করার লক্ষে সার্বিক তদারকির জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা সমাজসেবা বিভাগ | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান**, অত্র দপ্তর কর্তৃক চলতি মাসে নিম্নবর্ণিত কার্যক্রম সম্পন্ন ও চলমান রয়েছে;<br>**চলতি মাসের কার্যক্রম:**<br>প্রতিবন্ধি ভাতা কার্যক্রম,রোগী কল্যান সমিতি কার্যক্রম,আরএসএস কার্যক্রম,আরএমসি,দক্ষ ও প্রতিবন্ধি কার্যক্রম, সুবর্ন কার্ড কার্যক্রম,হিজরা ভাতা কার্যক্রম,বেদে ভাতা কার্যক্রম,এনজিও সংক্রান্ত কার্যক্রম,আর্থিক সাহায্য কার্যক্রম,ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রম,শিক্ষা উপবৃত্তি কার্যক্রম,স্বেচ্ছাসেবী সমাজকল্যান সংস্থার রেজিস্ট্রেশন কার্যক্রম,এতিমখানা রেজিস্ট্রেশন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। বয়স্ক,বিধবা ভাতার নতুন কোন বরাদ্দ পাওয়া যায়নি। | উপজেলা সমাজসেবা দপ্তর কর্তৃক প্রতিবন্ধি ভাতা কার্যক্রম,রোগী কল্যান সমিতি কার্যক্রম,আরএসএস কার্যক্রম,আরএমসি,দক্ষ ও প্রতিবন্ধি কার্যক্রম, সুবর্ন কার্ড কার্যক্রম,হিজরা ভাতা কার্যক্রম,বেদে ভাতা কার্যক্রম,এনজিও সংক্রান্ত কার্যক্রম,আর্থিক সাহায্য কার্যক্রম,ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রম,শিক্ষা উপবৃত্তি কার্যক্রম,স্বেচ্ছাসেবী সমাজকল্যান সংস্থার রেজিস্ট্রেশন কার্যক্রম,এতিমখানা রেজিস্ট্রেশন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | **সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। চলতি মাসে জিওবি-এডিবি প্রকল্পের ১১০ টি সাব-মার্সিবল নলকূপ পরিদর্শন করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও জিওবি-এডিবি প্রকল্পের সাব-মার্সিবল নলকূপ নিয়মিত পরিদর্শন করার জন্য সহঃ প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করা হয়। | সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা** জানান, দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে।<br>**চলতি মাসের কার্যক্রম:**<br>ভিডব্লিউবি: ২০২৩-২৪ চক্রের ডিসেম্বর/২৪ মাসের মোট উপকারভোগী ২২৬৩ জন,পুষ্টি চাল বরাদ্দ: ৬৭.৮৯০ মে:টন।<br>মা ও শিশু সহায়তা: ডিসেম্বর/২৪ মাসের বরাদ্দ অনুযায়ী ০৯ জন করে ১ম/২য় গর্ভবতী মাকে সহায়তা দেয়া হবে।<br>কিশোর কিশোরী ক্লাব স্থাপন: মোট ০৫টি ক্লাবে ক্লাশ ও আবৃত্তি,সঙ্গীত ক্লাশ চলমান।<br>এপিসি প্রকল্প: এপিসি প্রকল্পের আওতায় ২৫টি শিশু ও কিশোর কিশোরী হাবের সেশন চলমান।<br>ঋণকার্যক্রম: মোট ৭,২৯,৩০৪.৫৮ টাকা আদায় করা হয়েছে। ঋণ বিতরণ কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br>বেগম রোকেয়া দিবস: ০৫টি ক্যাটাগরিতে জয়িতা অন্বেষণে বাংলাদেশ জয়িতা নির্বাচনের জন্য আবেদন আহবান করা হয়েছে। ০৯/১২/২০২৪ তারিখ বেগম রোকেয়া দিবস পালন করা হবে।<br>উঠান বৈঠক: নারী নির্যাতন প্রতিরোধ,বাল্য বিবাহ নিরোধ,যৌতুক নিরোধ,নারী ও শিশু পাচার রোধ,মাদক ও তামাক জাত দ্রব্য সেবন বন্ধে উঠান বৈঠক চলমান।<br>এছাড়াও স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, কিশোর কিশোরী ক্লাবের অনুষ্ঠানে ইউপি চেয়ারম্যান,সংরক্ষিত মহিলা সদস্য,সকল কর্মকর্তাবৃন্দকে নিমন্ত্রণ দেয়ার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | ১। ভিডব্লিউবি,মা ও শিশু সহায়তা, কিশোর কিশোরী ক্লাব স্থাপন, এপিসি প্রকল্প, ঋণ কার্যক্রম, উঠান বৈঠক কার্যক্রম নীতিমালা অনুযায়ী পরিচালনার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরেধ করা হয়।<br>০২। ০৫টি ক্যাটাগরিতে জয়িতা অন্বেষণে বাংলাদেশ শীর্ষক কর্মসূচির আওতায় জয়িতা নির্বাচন এবং বেগম রোকেয়া দিবস নীতিমালা অনুযায়ী পালনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরেধ করা হয়।<br>০৩। কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে ক্লাবের অনুষ্ঠানে ইউপি চেয়ারম্যান,সংরক্ষিত মহিলা সদস্য,সকল কর্মকর্তাবৃন্দকে নিমন্ত্রণ দেয়ার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরেধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা পরিবেশ ও বন বিভাগ | বিট কর্মকর্তা, শক্তিয়ারখলা বিট সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বিট কর্মকর্তা, শক্তিয়ারখলা বিট-কে অনুরোধ করা হয়। | বিট কর্মকর্তা শক্তিয়ারখলা |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | **শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান**, ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>**-:চলতি মাসের কার্যক্রম:-**<br>ক্ষুদ্র ঋণ: আদায় ১৬ লক্ষ ৪০ হাজার, বিতরণ ১০ লক্ষ<br>এস এম ই ঋণ: আদায় ১৪ লক্ষ ৫০ হাজার, বিতরণ ২২ লক্ষ | ক্ষুদ্র ঋণ,এস এম ই ঋণ, পিএসবি ঋণ, কর্মসৃজন ঋণ, পিএসবি মাসিক সঞ্চয় স্কীম, স্কুল ব্যাংকিং সঞ্চয় স্কীম কার্যক্রম পরিচালনাসহ খেলাপী ঋন আদায়ে জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |

| | | | |
|---|---|---|---|
| | **পিএসবি ঋণ:** আদায় ১২ লক্ষ, বিতরণ ১৮ লক্ষ<br>**কর্মসৃজন ঋণ:** আদায় ১ লক্ষ ৫০ হাজার, বিতরণ নেই<br>**পিএসবি মাসিক সঞ্চয়** : আদায় ৪০ হাজার<br>**স্কুল ব্যাংকিং সঞ্চয়** : আদায় ২০ হাজার<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, খেলাপী ঋন আদায়ে জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শাখা ব্যবস্থাপক এর দৃষ্টি আকর্ষণ করেন। | | |
| নিরাপদ খাদ্য নিশ্চিকরণ | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা অত্যন্ত জরুরী। মাঠ পর্যায়ে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান**, ওএমএস ডিলার এর শুন্য পদে ডিলার নিয়োগ কার্যক্রমের উদ্যোগ গ্রহণের জন্য সভায় দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপনন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করনে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। বাজারে বাজারে নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে মিল,গোদাম পরিদর্শন,বাজার মনিটরিং মজুদ/ভেজাল মজুদ বিরোধী অভিযান পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।<br>০৩। ওএমএস ডিলার এর শুন্য পদে ডিলার নিয়োগ কার্যক্রমের উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>ও<br>চেয়ারম্যান সকল ইউপি |
| | বিবিধ | | |
| | *ক. উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ও বিভিন্ন বিল অনুমোদন/পরিশোধ প্রসঙ্গে:* **উপজেলা নির্বাহী অফিসার জানান**, নভেম্বর-২০২৪ মাসের উপজেলা পরিষদ এর দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল,আনুষাঙ্গিক বিল,আপ্যায়ন বিল,নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল বাবদ=৫৯,৯৮৭/-,উপজেলা পরিষদের ১৪৩১ সনের ভূমি উন্নয়ন কর বাব= ১১,৮১৭/-,আনসার ডিউটি পোস্টে রুম হিটার সরবরাহ বাবদ=১৯৮০/-,উপজেলা আনসার ক্যাম্প এর নভেম্বর-২০২৪ মাসের জ্বালানী বিল বাবদ =৩৪০০/- টাকার বিল অনুমোদনপূর্বক পরিশোধের জন্য সভায় প্রস্তাব করেন।<br>**খ. হাট বাজার রক্ষণাবেক্ষণ তহবিলের অর্থায়নে গৃহীত প্রকল্প অনুমোদন প্রসঙ্গে: উপজেলা নির্বাহী** অফিসার জানান, উপজেলা হাট বাজার তহবিলের ১৫ % অর্থায়নে বাগবেড় বাজারে ওয়াকওয়ে ও বসার স্থান নির্মাণ এবং জিনারপুর বাজারে যাত্রী ছাউনীর অসম্পূর্ণ কাজ সম্পন্নকরণ প্রকল্প অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | ক. নভেম্বর-২০২৪ মাসের উপজেলা পরিষদ এর দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল,আনুষাঙ্গিক বিল,আপ্যায়ন বিল,নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল বাবদ=৫৯,৯৮৭/- উপজেলা পরিষদের ১৪৩১ বাংলা সনের ভূমি উন্নয়ন কর বাবদ=১১,৮১৭/-,আনসার ডিউটি পোস্টে রুম হিটার সরবরাহ বাবদ=১৯৮০/-,উপজেলা আনসার ক্যাম্প এর নভেম্বর-২০২৪ মাসের জ্বালানী বিল বাবদ =৩৪০০/- টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>খ. উপজেলা হাট বাজার তহবিলের ১৫% অর্থায়নে বাগবেড় বাজারে ওয়াকওয়ে ও বসার স্থান নির্মাণ সংক্রান্ত ৫ লক্ষ টাকার প্রাক্কলন ও জিনারপুর বাজারে যাত্রী ছাউনীর অসম্পূর্ণ কাজ সম্পন্নকরণ সংক্রান্ত ৬৭ হাজার টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। প্রকল্পসমূহ আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১১/২০২৪

(মফিজুর রহমান)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক নিয়মিত সাধারণ সভা
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
তারিখ: ২৪-১১-২০২৪ খ্রি:

স্মারক নং- ৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০০৩.২৪- ৬১

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। কমিশনার,সিলেট বিভাগ,সিলেট।
০৩। পরিচালক,স্থানীয় সরকার,সিলেট বিভাগ,সিলেট।
০৪। জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
০৫। উপ-পরিচালক,স্থানীয় সরকার,সুনামগঞ্জ।

অনুলিপি: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০৬। উপজেলা.................................................... কর্মকর্তা,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৭। চেয়ারম্যান,সলুকাবাদ,পলাশ,ধনপুর,বাদাঘাট দ:,ফতেপুর,ইউপি, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৮। জনাব.................................................................. ।
০৯। অফিস কপি।

২৪/১১/২০২৪

(মফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
তারিখ: ২৪-১১-২০২৪ খ্রি:

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

২০/১১/২০২৪ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সাধারণ সভায় অনুমোদিত উপজেলা পরিষদ এডিপি তহবিলের অর্থায়নে গৃহীত প্রকল্প তালিকা -পরিশিষ্ট 'খ'

| ক্র:নং | প্রকল্পের নাম | বরাদ্দ | বাস্তবায়ন পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | প্রতিবন্ধি স্কুলের শ্রেণিকক্ষ মেরামত | ১,০০০০০/- | টেন্ডার | |
| ০২ | গোপালপুর গ্রামের পার্শ্বে কালভার্ট নির্মাণ | ২,০০০০০/- | টেন্ডার | |
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার চাহিত মোতাবেক উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরে ঔষধ ও চিকিৎসা সামগ্রী সরবরাহ | ২,০০০০০/- | টেন্ডার | |
| ০৪ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার চাহিত মোতাবেক উপজেলার প্রাথমিক বিদ্যালয়সমূহে শিক্ষা উপকরণ সরবরাহ | ২,০০০০০/- | টেন্ডার | |
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার চাহিত মোতাবেক উপজেলার মাধ্যমিক বিদ্যালয়সমূহে বেঞ্চ সরবরাহ | ৩,০০০০০/- | টেন্ডার | |
| ০৬ | উপজেলা কৃষি কর্মকর্তার চাহিত মোতাবেক উপজেলার কৃষকদের মাঝে স্প্রে মেশিন সরবরাহ | ২,০০০০০/- | টেন্ডার | |
| ০৭ | ইকরআটিয়া মাখন দাশের বাড়ী হতে উ:হাটি কালিবাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন | ৫,০০০০০/- | কোটেশন | |
| ০৮ | দুর্গাপুর পুরান হাটির সামনে দক্ষিনের জাঙ্গালে কালভার্ট নির্মাণ | ১,৫০,০০০/- | টেন্ডার | |
| ০৯ | হাওর ভিউ রিসোর্ট এর কক্ষ নির্মাণ | ১০,০০০০০/- | কোটেশন | |
| ১০ | সংগ্রামপুর আরএইচডি রাস্তা হতে প্রাইমারী স্কুল পর্যন্ত রাস্তা মেরামত | ২,০০০০০/- | কোটেশন | |
| ১১ | শ্রীধরপুর কালিবাড়ীর সামনে কালভার্টের পার্শ্বে রাস্তা মেরামত | ২,৫০,০০০/- | কোটেশন | |
| ১২ | এলজিইডি রাস্তা হতে পুরান মুক্তিখলা মসজিদ পর্যন্ত রাস্তা মেরামত | ৫,০০০০০/- | কোটেশন | |
| ১৩ | বিশ্বম্ভরপুর অফিসার্স ক্লাব সংস্কার | ১,০০০০০/- | টেন্ডার | |
| ১৪ | উপজেলা প্রশাসন লাইব্রেরী এর অসমাপ্ত কাজ সম্পন্নকরন | ১,২০,০০০/- | পিআইসি | |
| ১৫ | উপজেলা প্রশাসন মাল্টিপারপাস সেন্টার সংস্কার | ১,০০০০০/- | পিআইসি | |
| ১৬ | হাওর বিলাশের সামনে সৌন্দর্যবর্ধন ও বৈদ্যুতিক কাজ সংস্কার | ১,৪৯,০০০/- | পিআইসি | |
| ১৭ | বাদাঘাট দ: ইউনিয়নের ৫নং ওয়ার্ডে ০১টি গভীর নলকূপ ও ৬নং ওয়ার্ডে ১টি সাব মার্সিবল নলকূপ স্থাপন | ২,০০০০০/- | পিআইসি | |
| ১৮ | বাদাঘাট দ: ইউনিয়নে বাগমারা চিতলা হাটি পশ্চিমের জাঙ্গালে পানি নিষ্কাশনের জন্য কালভার্ট নির্মাণ | ৮৪,৬৪০/- | টেন্ডার | |
| ১৯ | মুরারিচাঁদ উচ্চ বিদ্যালয়ের পার্শ্ব হতে রাসেন্দ্র দাশের বাড়ী পর্যন্ত রাস্তা মেরামত | ২,৮৪,৬৪০/- | টেন্ডার | |
| ২০ | শিলডোয়ার মনসুরের বাড়ী হতে তাজুলের বাড়ী পর্যন্ত রাস্তা পাকাকরন | ২,৮৪,৬৪০/- | টেন্ডার | |
| ২১ | পলাশ উচ্চ বিদ্যালয়ের মাঠের পশ্চিম পার্শ্বের রাস্তা সিসিকরন | ২,০০০০০/- | পিআইসি | |
| ২২ | পলাশ ইউনিয়নের ৩টি কমিউনিটি ক্লিনিক ও ১টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে আসবাবপত্র সরবরাহ | ৮৪,৬৪০/- | টেন্ডার | |
| ২৩ | বাগবেড় বাজার-সোনাপাড়া রাস্তার মাঝে কালভার্ট নির্মাণ | ১,৯৯,০০০/- | পিআইসি | |
| ২৪ | সলুকাবাদ ইউনিয়নের বিভিন্ন স্থানে পানি নিষ্কাশনের জন্য রিং পাইপ সরবরাহ | ৮৫,৬৪০/- | টেন্ডার | |

২৪/১১/২০২৪

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

[[ উপজেলা পরিষদের **ডিসেম্বর-২০২৪** মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ]]

সভাপতি : জনাব মফিজুর রহমান,প্রশাসক,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
সভার তারিখ : ২৬-১২-২০২৪ খ্রিঃ
সভার সময় : ১২.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্য-কে স্বাগত জানিয়ে কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত কর্মকর্তা/সদস্যকে স্ব-স্ব দপ্তরের চলমান গুরুত্বপূর্ণ কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন এবং প্রতিবন্ধকতা থাকলে উত্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যবৃন্দের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | **সভায়** উপস্থাপিত উপজেলা পরিষদের **নভেম্বর-২০২৪** মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে **অবহিত করেন**। | **নভেম্বর-২০২৪** মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির **পর্যালোচনা** করা হয়। অগ্রগতি সন্তোষজনক। | **নভেম্বর-২০২৪** মাসের মাসিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| | বিভাগ ভিত্তিক আলোচনা | | |
| আইন-শৃঙ্খলা বিভাগ | **সভাপতি বলেন**, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ শতভাগ সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর সকল সদস্যকে তৎপর থাকার বিষয়ে অনুরোধ জানান।<br>**অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানা জানান**, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং যে কোনো ধরণের নাশকতা রোধে পুলিশ বিভাগ কর্তৃক যথাযথ মনিটরিংসহ টহল জোরদার রয়েছে। | আইন শৃঙ্খলা পরিপন্থি সকল অপরাধ প্রতিরোধে পুলিশী তৎপরতা আরোও জোরদারপূর্বক সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য স্থানীয় পুলিশ বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |
